রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জুলাই ৮, ২০১২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**

**লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৫ জুন, ২০১২ ইং

**নং ১০(আঃম) (লেঃস) (মুঃপ্রঃ)-আইন-অনুবাদ-২০১২**—সরকারি কার্যবিধিমালা, ১৯৯৬ এর প্রথম তফসিল (বিভিন্ন মন্ত্রণালয় এবং বিভাগের মধ্যে কার্যবন্টন) এর আইটেম ৩০ এর ক্রমিক ৭ ও ১০ এবং মন্ত্রিপরিষদ বিভাগের বিগত ৩-৭-২০০০ইং তারিখের সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের নিমিত্ত আদর্শ ওজন পরিমাপন অধ্যাদেশ, ১৯৮২ (১৯৮২ সনের ১২ নং অধ্যাদেশ) এর বাংলা অনুবাদ সর্বসাধারণের জ্ঞাতার্থে প্রকাশ করিল।

**মোঃ দেলোয়ার হোসেন**
সহকারী সচিব (চঃদাঃ)।



মূল্য ঃ টাকা ৪০.০০

**(ইংরেজীতে প্রণীত এবং জানুয়ারি ২০০৭ সন পর্যন্ত সংশোধিত আইনের অনূদিত বাংলা পাঠ।)**

# আদর্শ ওজন ও পরিমাপন অধ্যাদেশ, ১৯৮২

**(১৯৮২ সনের ১২নং অধ্যাদেশ)**

**[২৬ জুন, ১৯৮২]**

**মেট্রিক পদ্ধতি এবং পরিমাপনের এককসমূহের ভিত্তিতে বাটখারা ও পরিমাপনের মানদণ্ড প্রতিষ্ঠাকল্পে প্রণীত অধ্যাদেশ**

যেহেতু মেট্রিক পদ্ধতি এবং পরিমাপনের এককসমূহের ভিত্তিতে বাটখারা ও পরিমাপনের মানদণ্ড নির্ধারণ এবং ইহার সহিত সম্পর্কিত আনুষঙ্গিক বিষয়াদি সম্পর্কে বিধান করা সমীচীন;

সেহেতু. এক্ষণে, ২৪শে মার্চ, ১৯৮২ সনের ফরমান অনুসারে, এবং এতদুদ্দেশ্যে তাহার উপর অর্পিত সকল ক্ষমতাবলে, প্রধান সামরিক আইন প্রশাসক নিম্নরূপ অধ্যাদেশ প্রণয়ন ও জারি করিলেন ঃ—

## অংশ-১

## প্রাথমিক

১। **সংক্ষিপ্ত শিরোনাম এবং প্রবর্তন।**—(১) এই অধ্যাদেশ আদর্শ ওজন ও পরিমাপন অধ্যাদেশ, ১৯৮২ নামে অভিহিত হইবে।

(২) সরকার, সরকারি *গেজেটে প্রজ্ঞাপন* দ্বারা, যে তারিখ নির্ধারণ করিবে, সেই তারিখ হইতে ইহা কার্যকর হইবে; এবং নিম্নবর্ণিত বিষয়ের জন্য ভিন্ন ভিন্ন তারিখ নির্ধারণ করা যাইবে—

(ক) এই অধ্যাদেশের বিধানাবলী,

(খ) এলাকা,

(গ) পণ্যের শ্রেণী,

(ঘ) উদ্যোক্তাগণের শ্রেণী,

(ঙ) বাটখারা ও পরিমাপনের শ্রেণী, অথবা

(চ) বাটখারা ও পরিমাপন ব্যবহারকারীগণের শ্রেণী, এবং এই অধ্যাদেশ প্রবর্তনের পর ইহার কোন বিধান যে এলাকায় কার্যকর হইবার উল্লেখ থাকিবে সেই এলাকায়, অথবা যে সকল উদ্যোগ, পণ্য, বাটখারা ও পরিমাপন বা বাটখারা ও পরিমাপন ব্যবহারকারীগণের শ্রেণী সম্পর্কে এই অধ্যাদেশ বলবৎ হইয়াছে, তাহাদের ক্ষেত্রে কার্যকর হইয়াছে মর্মে ব্যাখ্যেয় হইবে।

২। **সংজ্ঞা**।—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই অধ্যাদেশ,—

(ক) "ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি" অর্থ এই অধ্যাদেশের অধীন কোন বিশেষ ক্ষমতা প্রয়োগ বা দায়িত্ব পালনের জন্য সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন ব্যক্তি;

(খ) **"ক্রমাঙ্কন *(calibration)*"** অর্থ বাটখারা বা পরিমাপনের ত্রুটির মান নির্ণয়ের উদ্দেশ্যে প্রয়োজনীয় সকল প্রক্রিয়া এবং প্রয়োজনে, এইরূপ বাটখারা ও পরিমাপনের অন্যান্য পরিমাপনের ধর্ম নির্ণয় করা, এবং বাটখারা বা পরিমাপনের গজমার্ক বা স্কেল মার্কের প্রকৃত অবস্থান নির্দিষ্ট করা অথবা, কোন কোন ক্ষেত্রে, কেবল পরিমাপ্য বস্তুর পরিমাপনের তুল্যমানের সহিত সম্পর্কিত কতিপয় প্রধান দাগ অন্তর্ভুক্ত হইবে;

**ব্যাখ্যা**।—বাটখারা বা নমুনাস্বরূপ কোন বাটখারা বা পরিমাপন যন্ত্র ব্যবহারের অনুমতির ক্ষেত্রেও সঠিক ক্রমাঙ্কন;

(গ) **"বাণিজ্যিক বাটখারা ও পরিমাপন"** অর্থ যে কোন ব্যবসা ও বাণিজ্যের লেনদেনের উদ্দেশ্যে ব্যবহৃত মানদণ্ডের বাটখারা ও পরিমাপন;

(ঘ) **"মোড়কজাত পণ্যদ্রব্য"** অর্থ পাইকারী বা খুচরা যে ভাবেই হউক না কেন, একক মাত্রায় বিক্রয় উপযোগী কোন বোতলে, মোড়কে বা ভিন্নভাবে মোড়কজাত পণ্যদ্রব্য;

(ঙ) কোন বাটখারা বা পরিমাপনের সহিত সম্পর্কযুক্ত "ডিলার" অর্থ কোন ব্যক্তি যিনি, বা প্রতিষ্ঠান *(firm)* বা পরিবার যাহা, নগদ বা বাকিতে বা কমিশন, পারিশ্রমিক বা মূল্যবান বস্তুর ক্রয়, বিক্রয় বিনিময়ে বাটখারা বা পরিমাপন দ্রব্য ক্রয়, বিক্রয়, সরবরাহ বা বিতরণ করে, এবং ইহার অন্তর্ভুক্ত হইবে—

(অ) কমিশন এজেন্ট যিনি ব্যবসা প্রতিষ্ঠানের প্রধানের পক্ষ হইয়া এইরূপ ব্যবসা চালনা করেন;

(আ) একজন আমদানিকারক যিনি কোন ব্যবহারকারী, উৎপাদনকারী, মেরামতকারী, ভোক্তা অথবা ব্যক্তির নিকট অন্য কোনভাবে বিলি বিক্রয়, সরবরাহ, বিতরণ করেন অথবা অন্য কোন বাটখারা বা পরিমাপনের পণ্যদ্রব্য সরবরাহ করেন, তবে কোন উৎপাদনকারী যিনি এই দফায় উল্লিখিত কোন ব্যক্তি বা ব্যক্তি শ্রেণীর নিকট বাটখারা পরিমাপন বিক্রয়, সরবরাহ, বিতরণ, বিলি করেন এইরূপ কোন উৎপাদনকারী অন্তর্ভুক্ত হইবে না;

**ব্যাখ্যা**।—সন্দেহ দূর করিবার উদ্দেশ্যে এতদ্বারা ঘোষণা করা যাইতেছে যে, একজন উৎপাদনকারী যিনি, ডিলার ব্যতীত, কোন ব্যক্তির নিকট কোন বাটখারা বা পরিমাপন বিক্রয়, সরবরাহ, বিতরণ বা প্রদান করেন তিনি একজন ডিলার হিসাবে গণ্য হইবেন;

(চ) **"মহাপরিচালক"** অর্থ বাংলাদেশ স্ট্যান্ডার্স এন্ড টেস্টিং ইন্সটিটিউশন অধ্যাদেশ, ১৯৮৫ (১৯৮৫ সনের ৩৭ নং অধ্যাদেশ) এর অধীন বাংলাদেশ স্ট্যান্ডার্স এন্ড টেস্টিং ইন্সটিটিউশনের মহাপরিচালক;

(ছ) **"রপ্তানী"** ইহার ব্যাকরণগত পরিবর্তন ও সমজাতীয় অভিব্যক্তি, অর্থ বাংলাদেশ হইতে বাংলাদেশের বাহিরে কোন স্থানে লইয়া যাওয়া;

(জ) **"ত্রুটিযুক্ত মোড়ক"** অর্থ এইরূপ কোন মোড়ক যাহা এই অধ্যাদেশ বা ইহার অধীন প্রণীত বিধি বা আদেশে বর্ণিত এইরূপ মোড়ক সম্পর্কিত বিধান অনুসরণ করে না;

(ঝ) **"ত্রুটিযুক্ত বাটখারা বা পরিমাপন"** অর্থ কোন বাটখারা বা পরিমাপন যাহা এই অধ্যাদেশ দ্বারা বা অধ্যাদেশের অধীনে উক্ত বাটখারা বা পরিমাপন সম্পর্কে প্রতিষ্ঠিত মানদণ্ড অনুসরণ করে না;

(ঞ) **"ওজন এবং পরিমাপন বিষয়ক সাধারণ সম্মেলন"** অর্থ মিটার কনভেনশনের অধীনে প্রতিষ্ঠিত ওজন ও পরিমাপন বিষয়ক সাধারণ সম্মেলন;

(ট) **"আমদানি",** ইহার ব্যকরণগত পরিবর্তন ও সমজাতীয় অভিব্যক্তি, অর্থ বাংলাদেশের বাহির হইতে বাংলাদেশের অভ্যন্তরে আনয়ন;

(ঠ) **"পরিদর্শক"** অর্থ দ্বারা ১৪ এর অধীনে নিযুক্ত একজন পরিদর্শক, এবং বাংলাদেশ স্ট্যান্ডার্স এন্ড টেস্টিং ইন্সটিটিউশন অধ্যাদেশ, ১৯৮৫ (১৯৮৫ সনের ৩৭ নং অধ্যাদেশ) এর ধারা ২৫ এর অধীনে নিযুক্ত একজন পরিদর্শক অন্তর্ভুক্ত হইবে;

(ড) **"ইনস্টিটিউশন"** অর্থ বাংলাদেশ স্ট্যান্ডার্স এন্ড টেস্টিং ইন্সটিটিউশন অধ্যাদেশ, ১৯৮৫ (১৯৮৫ সনের ৩৭ নং অধ্যাদেশ) এর অধীনে প্রতিষ্ঠিত বাংলাদেশ স্ট্যান্ডার্ডস এন্ড টেস্টিং ইন্সটিটিউশন;

(ঢ) **"ওজন এবং পরিমাপন বিষয়ক আন্তর্জাতিক ব্যুরো"** অর্থ ফ্রান্সের, সেভরে মিটার কনভেনশনের অধীনে প্রতিষ্ঠিত International Bureau of Weights and Measures;

(ণ) **"পরিমাপন বিষয়ক আন্তর্জাতিক সংস্থা"** অর্থ Convention Instituant Une Organization International de Metrologic Legale এর অধীনে প্রতিষ্ঠিত Organization International de Metrologic Legale;

(ত) **"কিলোগ্রামের আন্তর্জাতিক আদিরূপ (*prototype*)"** অর্থ ১৮৮৯ সনে প্যারিসে অনুষ্ঠিত ওজন এবং পরিমাপন বিষয়ক প্রথম সাধারণ সম্মেলন অনুমোদিত এবং আন্তর্জাতিক ওজন ও পরিমাপন বিষয়ক ব্যুরোতে সংরক্ষিত আদিরূপ;

(থ) **"লেবেল"** অর্থ লিখিত মার্কযুক্ত, স্ট্যাম্পযুক্ত, ছাপানো বা গ্রাফিক ডিজাইন করা কোন বস্তু যাহা কোন পণ্যদ্রব্য বা মোড়কের উপর লাগানো থাকে, বা প্রদর্শিত হয়;

(দ) **"উৎপাদনকারী"** অর্থ কোন বাটখারা ও পরিমাপনযন্ত্রের সহিত সম্পর্কিত এইরূপ কোন ব্যক্তি যিনি বা প্রতিষ্ঠান বা পরিবার, যাহা—

(অ) এইরূপ বাটখারা ও পরিমাপনযন্ত্র তৈরি বা উৎপন্ন করে;

(আ) এইরূপ বাটখারা ও পরিমাপনের এক বা একাধিক অংশ তৈরি বা উৎপন্ন করেন এবং অন্যান্য অংশ সংগ্রহ করেন এবং উক্ত অংশসমূহ সংযোজনের পরে তিনি বা, ক্ষেত্রমত, তাহার প্রতিষ্ঠান কর্তৃক প্রান্তিক পণ্য হিসাবে উক্ত বাটখারা বা পরিমাপন যন্ত্র উৎপন্ন করা হয়েছে মর্মে দাবী করে;

(ই) এইরূপ বাটখারা ও পরিমাপনযন্ত্রের কোন অংশ তৈরি বা উৎপন্ন করে না, কিন্তু অন্য কাহারো দ্বারা তৈরি বা উৎপাদিত ইহার অংশগুলো সংযোজন করে এবং তদকর্তৃক বা, ক্ষেত্রমত, তাহার প্রতিষ্ঠান কর্তৃক প্রান্তিক পণ্য হিসাবে উক্ত বাটখারা বা পরিমাপন যন্ত্র উৎপন্ন করা হইয়াছে মর্মে দাবী হইবে;

(ঈ) অন্য কোন ব্যক্তি কর্তৃক সম্পূর্ণভাবে উৎপাদিত বা তৈরি কোন বাটখারা বা পরিমাপন যন্ত্রের উপর তাহার নিজস্ব প্রতীক ব্যবহার করে বা করায় এবং দাবী করেন যে, বাটখারা বা পরিমাপ যন্ত্র হিসাবে প্রস্তুতকৃত এইরূপ পণ্য তদকর্তৃক বা, ক্ষেত্রমত, তাহার প্রতিষ্ঠান কর্তৃক তৈরি বা উৎপাদিত হইয়াছে মর্মে দাবি করে।

**ব্যাখ্যা**—যখন কোন উৎপাদনকারী তদকর্তৃক বা তাহার প্রতিষ্ঠান কর্তৃক নিয়ন্ত্রিত যে কোন শাখা কার্যালয়ে কোন বাটখারা বা পরিমাপন যন্ত্র বা এইগুলির যে কোন অংশ প্রেরণ করা হয় তখন এইরূপ শাখা কার্যালয়কে উৎপাদনকারী হিসাবে গণ্য করা হইবে না, এমনকি যদিও এইরূপ প্রেরিত অংশগুলি এইরূপ শাখা কার্যালয়ে সংযোজিত হয়।

(ধ) **"ভর"** অর্থ পদার্থের পরিমাণ এবং পৃথিবী পৃষ্ঠে থাকিলে, ইহার সমর্থক শব্দ হিসাবে এবং, এই অধ্যাদেশের উদ্দেশ্য পূরণ কল্পে, বাটখারা হিসাবে ব্যক্ত করা যাইবে;

(ন) **"বায়ুমন্ডলীয় চাপ"** অর্থ প্রতি বর্গমিটার ১,০১,৩২৫ নিউটন বল দ্বারা চাপ প্রয়োগ বুঝায়, এক নিউটন হইল সেই পরিমাণ বল যাহা এক কিলোগ্রাম ভর সম্পন্ন পদার্থের উপর ক্রমান্বয়ে প্রতি সেকেন্ডে এক মিটার ত্বরণ ঘটায়;

(প) **"ব্যক্তি"** অর্থে অন্তর্ভুক্ত হইবে—

(অ) প্রত্যেক অধিদপ্তর *(department)* বা কার্যালয়;

(আ) সরকার কর্তৃক প্রতিষ্ঠিত বা গঠিত প্রত্যেক সংস্থা;

(ই) প্রত্যেক স্থানীয় কর্তৃপক্ষ;

(ঈ) প্রত্যেক সমবায় সমিতি;

(উ) সমিতি নিবন্ধন আইন, ১৮৬০ (১৮৬০ সনের ২১ নং আইন) এর অধীনে নিবন্ধিত অন্য কোন সমিতি;

(ফ) **"প্রাঙ্গন"** অর্থে অন্তর্ভুক্ত হইবে—

(অ) কোন স্থান যেখানে একজন ব্যক্তি নিজে বা তাহার প্রতিনিধির মাধ্যমে, যে নামেই অভিহিত হউক, কোন ব্যবসা, শিল্প, উৎপাদন বা বাণিজ্য পরিচালিত হয়;

(আ) পণ্যাগার, সামগ্রীর গুদাম, বা অন্য কোন স্থান যেখানে কোন বাটখারা, পরিমাপন যন্ত্র বা অন্যান্য পণ্য গুদামজাত বা প্রদর্শন করা হয়;

(ই) কোন স্থান যেখানে বাণিজ্য বা লেনদেনের সহিত সম্পৃক্ত কোন হিসাব বহি বা অন্যান্য দলিল রাখা হয়;

(ঈ) বসবাসের গৃহ, যদি উহার কোন অংশে ব্যবসা, শিল্প, উৎপাদন ও বাণিজ্যের উদ্দেশ্যে ব্যবহৃত হয়;

**ব্যাখ্যা**—এই দফার উদ্দেশ্য পূরণকল্পে, "স্থান" অর্থে যান বা জলযান বা অন্য যে কোন ভ্রাম্যমাণ যন্ত্র, (device) যাহার সাহায্যে ক্রয়, বিক্রয় বা ব্যবসার কার্যক্রম চালানো হয়, অন্তর্ভুক্ত হইবে এবং যান, জলযান বা অন্য কোন ভ্রাম্যমান যন্ত্রের উপর খাড়াভাবে স্থাপিত যে কোন পরিমাপন যন্ত্রও ইহার অন্তর্ভুক্ত হইবে;

(ব) **"নির্ধারিত"** অর্থ এই অধ্যাদেশের অধীনে বিধি দ্বারা নির্ধারিত;

(ভ) **"নমুনা মানদণ্ড"** অর্থ সরকার বা উহার পক্ষে তৈরি বা উৎপাদিত আদর্শ বাটখারা বা পরিমাপন যন্ত্রের সেট যাহার দ্বারা দ্বিতীয় শ্রেণীর মানদণ্ডের বাটখারা বা পরিমাপন যন্ত্রের যথার্থতা নির্ণয় করা হয়;

(ম) **"মেরামতকারী"** অর্থে এইরূপ ব্যক্তি অন্তর্ভুক্ত হইবে যিনি কোন বাটখারা বা পরিমাপন যন্ত্রের মিল করে, পরিষ্কার করে, তৈল বা গ্রীজ দিয়া পিচ্ছিল করে বা রঙ লাগায় অথবা এই অধ্যাদেশের অধীনে বা এই অধ্যাদেশ দ্বারা প্রতিষ্ঠিত এইরূপ বাটখারা ও পরিমাপন যন্ত্রের মানদণ্ড নিশ্চিত করিতে অন্য কোন কাজ করে;

(য) **"বিক্রয়,"** ইহার ব্যাকরণগত পরিবর্তন ও সমজাতীয় অভিব্যক্তি, অর্থ এক ব্যক্তি কর্তৃক অন্য ব্যক্তির নিকট বাটখারা, পরিমাপন যন্ত্রপাতির মালিকানা বা অন্যান্য পণ্যদ্রব্য নগদ বা বাকিতে বা অন্য কোন মূল্যবান দ্রব্যের বিনিময়ে হস্তান্তর করা এবং বাটখারা কোন বাটখারা, পরিমাপন যন্ত্র বা অন্যান্য পণ্য কিস্তির মাধ্যমে পরিশোধের শর্ত হস্তান্তরও ইহার অন্তর্ভুক্ত হইবে, তবে বাটখারা, পরিমাপনযন্ত্র বা অন্যান্য পণ্য বন্ধক বা দায়বদ্ধতা বা দায়িত্বে বা প্রতিশ্রুতির মাধ্যমে হস্তান্তর ইহার অন্তর্ভুক্ত হইবে না;

(যক) **"সীলমোহর"** অর্থ এইরূপ কোন কৌশল বা প্রক্রিয়া যাহার দ্বারা স্ট্যাম্প তৈরি করা হয় এবং কোনো তার বা অন্যান্য আনুষঙ্গিক সামগ্রী অন্তর্ভুক্ত হইবে যাহা কোনো স্ট্যাম্পের অখণ্ডতা নিশ্চিতকরণে ব্যবহৃত হয়;

(যখ) **"দ্বিতীয় শ্রেণীর মানদণ্ড"** অর্থ আদর্শ বাটখারা বা পরিমাপন যন্ত্রের সেট যাহা কোনো প্রচলিত মানদণ্ডের যথার্থতা নির্ধারণের জন্য সরকার কর্তৃক বা সরকারের পক্ষে তৈরি করা বা উৎপাদিত হয়;

(যগ) **"স্ট্যাম্প"** অর্থ একটি চিহ্ন, যাহা নিম্নবর্ণিত উদ্দেশ্যে, কোনো বাটখারা বা পরিমাপন যন্ত্রের উপর স্থাপিত বা উহার সহিত সম্পর্কিত করা হয়;

(অ) এই অধ্যাদেশের অধীন নির্ধারিত বাটখারা বা পরিমাপন মানদণ্ড নিশ্চিত করে মর্মে প্রত্যায়ন করা;

(আ) এই অধ্যাদেশের অধীন বা এই অধ্যাদেশ দ্বারা র্নিধারিত মানদণ্ড নিশ্চিতের বিষয় প্রত্যায়ন করিয়া বাটখারা ও পরিমাপন যন্ত্রের উপর পূর্বের যে চিহ্ন প্রদান করা হইয়াছিল উহা মুছিয়া ফেলা হইয়াছে মর্মে সূচিত করা;

**ব্যাখ্যা**—চাপ ঢালাই খোদাই, নক্সা প্রদান চিহ্নিত করিয়া অথবা অন্য কোনো প্রক্রিয়ায় স্ট্যাম্প তৈরি হইতে পারে;

(যঘ) **"বাণিজ্য"**, ইহার ব্যাকরণগত ভিন্নতা এবং সমজাতীয় অভিব্যক্তিসহ, অর্থ যে কোনো বিক্রয় চুক্তিতে, লেন-দেন, বিকিকিনি বা চুক্তি এবং টোল ও শুল্ক সংগ্রহ অন্তর্ভুক্ত হইবে;

(যঙ) **"লেনদেন"** অর্থ—

(অ) বিক্রয়, ক্রয়, বিনিময় বা অন্য কোনো উদ্দেশ্যে চুক্তি;

(আ) রয়েলটি, টোল, শুল্ক বা অন্যান্য পাওনা নির্ধারণ, অথবা

(ই) কোন সম্পাদিত কার্য, বকেয়া বেতন বা প্রদত্ত সেবার উপর কর নির্ধারণ;

(যচ) **"অপ্রতিপাদিত বাটখারা বা পরিমাপন"** অর্থ এইরূপ বাটখারা বা পরিমাপন যাহা এই অধ্যাদেশের অধীনে প্রতিপাদিত ও স্ট্যাম্পযুক্ত করিবার প্রয়োজন হওয়া সত্ত্বেও, অনুরূপভাবে প্রতিপাদিত ও স্ট্যাম্পযুক্ত করা হয় নাই;

(যছ) **"প্রতিপাদন"** ইহার ব্যকরণগত ভিন্নতা এবং জাতীয় অভিব্যক্তিসহ, অর্থে, বাটখারা বা পরিমাপন সম্পর্কে, এই অধ্যাদেশের অধীন এই অধ্যাদেশ দ্বারা প্রতিষ্ঠিত আদর্শ বাটখারা বা পরিমাপনের সহিত সমরূপতা নিশ্চিত হওয়ার উদ্দেশ্যে এইরূপ বাটখারা ও পরিমাপনের তুলনার পদ্ধতি পরীক্ষা, পরখ বা উপযোগীকরণ এবং পুনঃপ্রতিপাদন ও ক্রমাঙ্কনও অন্তর্ভুক্ত হইবে;

(যজ) **"বাটখারা বা পরিমাপন যন্ত্র"** অর্থ কোনো বস্তু, হাতিয়ার, যন্ত্র বা কৌশল বা এইগুলির কোনো সমন্বয় যাহা সম্পূর্ণভাবে বা অতিরিক্ত হিসাবে, বাটখারা ও পরিমাপন যন্ত্রপাতি তৈরি বা তৈরির উদ্দেশ্যে ব্যবহৃত হয় এবং কোনো গৃহস্থালী সামগ্রী, আনুষঙ্গিক অংশ বা ইহার সহিত সংযুক্ত অংশ, হাতিয়ার, যন্ত্রপাতি বা কৌশলও অন্তর্ভুক্ত হইবে।

(যঝ) **"বাটখারা বা পরিমাপন"** অর্থ এই অধ্যাদেশ দ্বারা বা এই অধ্যাদেশের অধীন নির্দিষ্টকৃত বাটখারা বা পরিমাপন এবং ওজন বা পরিমাপন যন্ত্র ইহার অন্তর্ভুক্ত হইবে।

(যঞ) **"প্রচলিত ওজন"** অর্থ আদর্শ বাটখারা বা পরিমাপন যাহা জাতীয় আদিরূপ *(prototype)* বা জাতীয় নমুনা বা দ্বিতীয় শ্রেণীর মানদণ্ড ব্যতীত, যে কোন আদর্শ বাটখারা বা পরিমাপন প্রতিপাদনের জন্য সরকার কর্তৃক বা সরকারের পক্ষে উৎপাদিত বা তৈরি করা হয়।

৩। **এই অধ্যাদেশের প্রাধান্য।**—এই অধ্যাদেশ ব্যতীত, অন্য কোনো আইন বা আইনের বৈশিষ্ট্য রহিয়াছে এইরূপ কোনো দলিলে ভিন্নতর যাহা কিছুই থাকুক না কেন, এই অধ্যাদেশের বিধানাবলী কার্যকর থাকিবে।

## অংশ-২

## বাটখারা ও পরিমাপন যন্ত্রের মানদণ্ড প্রতিষ্ঠা

### অধ্যায় ১

### আদর্শ একক

৪। **আন্তর্জাতিক পদ্ধতির ভিত্তি একক।**—(১) সমগ্র বাংলাদেশে ব্যবহৃত বাটখারা ও পরিমাপ যন্ত্রের এককসমূহ আন্তর্জাতিক পদ্ধতির একক হিসাবে পরিচিত একক হইবে।

(২) উপ-ধারা (১) এর উদ্দেশ্য পূরণকল্পে, ওজন ও পরিমাপন বিষয়ক সাধারণ সম্মেলনে এককসমূহের আন্তর্জাতিক পদ্ধতি সম্পর্কে যেরূপ সুপারিশ করা হইয়াছে এবং আইনসম্মত পরিমাপন সংক্রান্ত আন্তর্জাতিক সংস্থা কর্তৃক সুপারিশকৃত অতিরিক্ত এককসমূহ মেট্রিক পদ্ধতি অথবা আন্তর্জাতিক পদ্ধতির একক হইবে।

(৩) ভিত্তি এককসমূহ হইবে নিম্নরূপ—

(ক) কিলোগ্রাম—

(অ) ভরের ভিত্তি একক হইবে কিলোগ্রাম *(kilogram)*;

(আ) **"কিলোগ্রাম"** হইবে ভরের একক; ইহা কিলোগ্রামের আন্তর্জাতিক আদিরূপ ভরের সমান;

(খ) মিটার—

(অ) দৈর্ঘ্যের ভিত্তি একক হইবে মিটার *(meter)*;

(আ) **"মিটার"** হইল শূন্যে বিকিরণ ১৬৫০, ৭৬৩.৭৩ তরঙ্গ দৈর্ঘ্যের সমান দৈর্ঘ্য যাহা স্তরের মধ্যে বিকিরণের অনুরূপ;

(গ) সেকেন্ড—

(অ) সময়ের ভিত্তি একক হইবে সেকেন্ড *(second)*;

(আ) **"সেকেন্ড"** হইল বিকিরণের ৯১৯২৬৩১৭৭০ পরিব্যাপ্তিকাল যাহা সিজিয়াম-১৩৩ পরমাণুর ভিত্তি অবস্থায় দুইটি অতিসূক্ষ্ম স্তরের মধ্যে বিকিরণ সঞ্চালনের সময়কালের অনুরূপ;

(ঘ) অ্যাম্পিয়ার—

(অ) বিদ্যুৎ প্রবাহের ভিত্তি একক হইবে অ্যাম্পিয়ার *(ampere)*;

(আ) **"অ্যাম্পিয়ার"** হইল সেই স্থির বিদ্যুৎ প্রবাহ, যাহা যদি অসীম দৈর্ঘ্যের, নগণ্য বৃত্তাকার দুইটি সরল, সমান্তরাল পরিবাহকের মধ্যে পরিচালিত হয় এবং শূন্যে এক মিটার দূরত্বে স্থাপন করা হয়, তাহা হইলে এই পরিবাহকদ্বয়ের মধ্যে দৈর্ঘ্যের ২×১০-৭ সমপরিমাণ শক্তি উৎপাদিত শক্তি অনুভূত হয়;

(ঙ) ক্যালভিন—

(অ) তাপমাত্রার ভিত্তি একক হইবে ক্যালভিন *(kalvin)*;

(আ) **"ক্যালভিন"** হইল পানির ত্রিগুণ অবস্থার *(triple point)* তাপমাত্রার উষ্ণতার ১/২৭৩.১৬ ভগ্নাংশ;

**টীকা**।—

(অ) ক্যালভিন একক এবং উহার K প্রতীক তাপমাত্রার পার্থক্য অথবা মধ্যবর্তী সময় প্রকাশের জন্য ব্যবহৃত হইবে;

(আ) ক্যালভিনে ব্যবহৃত তাপ গতিবিদ্যায় তাপমাত্রার অতিরিক্ত হিসাবে (প্রতীক, T) সেলসিয়াস তাপমাত্রার (প্রতীক সমীকরণ দ্বারা নির্ধারিত t=T=T যেক্ষেত্রে সংজ্ঞা দ্বারা সেলসিয়াস তাপমাত্রা সাধারণত "ডিগ্রী সেলসিয়াস" (প্রতীক $^{\circ}C$ ব্যবহৃত হয়। অতএত ডিগ্রী সিলসিয়াস একক "ক্যালভিন" এর সমান এবং সেলসিয়াস তাপমাত্রার পার্থক্য বা বিরতিকাল ডিগ্রী সেলসিয়াস হিসাবেও ব্যবহৃত হইতে পারে;

(চ) ক্যানডেলা—

(অ) আলোর তীব্রতা পরিমাপনের ভিত্তি একক হইবে ক্যানডেলা *(Candela)*;

(আ) **"ক্যানডেলা"** হইল প্রতি বর্গ মিটার ১০১, ৩২৫ নিউটন চাপে, ফ্রিজিং প্ল্যাটিনাম তাপমাত্রায়, একটি কৃষ্ণবস্তুর ১/৬০০০০০ বর্গমিটার পৃষ্ঠে উল্লম্ব অভিমুখে দীপ্তিমান তীব্রতা;

(ছ) মোল—

(অ) পদার্থের পরিমাণের ভিত্তি একক হইবে মোল *(mole)*;

(আ) **"মোল"** হইল যৌগিক পদার্থের পরিমাণ যাহা কার্বন ১২ এর ০.০১২ কিলোগ্রামের মধ্যে যে পরিমাণ মৌলিক পদার্থ সেই পরিমাণ পদার্থ ধারণ করিবে;

**টীকা**—যখন মোল ব্যবহৃত হয় তখল মৌলিক পদার্থ সুনির্দিষ্ট হইবে এবং পরমাণু, অণু আয়ন, ইলেকট্রন, অন্যান্য ক্ষুদ্র পদার্থ, অথবা এইরূপ ক্ষুদ্র পদার্থের নির্দিষ্ট শ্রেণী হইতে পারে।

৫। **বাটখারা বা পরিমাপনের সম্পূরক, লব্ধ, বিশেষ এবং অন্যান্য এককসমূহ**।—(১) সরকার, সময় সময়ে, সরকারি *গেজেটে প্রজ্ঞাপন* দ্বারা, বাটখারা ও পরিমাপনের বিভিন্ন ভিত্তি এককসমূহ প্রতিপাদন করিতে পারিবে, বা উপযোগী করিতে পারিবে এবং ওজন ও পরিমাপন বিষয়ক সাধারণ সম্মেলন বা আইনসম্মত পরিমাপন সংক্রান্ত আন্তর্জাতিক সংস্থার সুপারিশ অনুসারে আদর্শ প্রতীক বা সংজ্ঞা, সম্পূরক, লব্ধ বা অন্যান্য এককের সুপারিশ করিতে পারিবে।

**ব্যাখ্যা**।—এই উপ-ধারার উদ্দেশ্য পূরণকল্পে **"লব্ধ একক"** অর্থে এমন একটি একককে বুঝাইবে যাহা ভিত্তি একক বা সম্পূরক একক বা উভয়বিধ একক হইতে গৃহীত হয়।

(২) ওজন ও পরিমাপন বিষয়ক সাধারণ সম্মেলন অথবা আইনসম্মত পরিমাপন সংক্রান্ত আন্তর্জাতিক সংস্থার সুপারিশ অনুসারে, সরকার এইরূপ বাটখারা ও পরিমাপন বিষয়ে ভৌত ধ্রুবক ও সহগের অনুপাতে গুণিতক ও উপ-গুণিতক নির্দিষ্ট করিতে পারিবে।

(৩) সরকার, সরকারি *গেজেটে প্রজ্ঞাপন* দ্বারা, প্রয়োজন মনে করিলে ওজন ও পরিমাপন বিষয়ক সাধারণ সম্মেলন অথবা আইন সম্মত পরিমাপন সংক্রান্ত আন্তর্জাতিক সংস্থা যেরূপ সুপারিশ করে সেইরূপ মেয়াদের জন্য বাটখারা বা পরিমাপনকে বিশেষ একক হিসাবে ঘোষণা করিতে পারিবে।

## অধ্যায় ২

## আদর্শ বাটখারা ও পরিমাপন এবং এইগুলির নিরাপদ সংরক্ষণ

৬। **প্রাথমিক এককসমূহের জাতীয় আদিরূপ** ***(prototype)***।—সরকার কিলোগ্রামের একটি আদিরূপ প্রস্তুতের ব্যবস্থা করিবে এবং উহা কিলোগ্রামের আন্তর্জাতিক আদিরূপের সংজ্ঞা অনুসারে প্রত্যায়িত করা হইবে এবং সরকার যেরূপ উপযুক্ত মনে করিবে সেইরূপ স্থানে ও অবস্থায় উহা সংরক্ষণ করা হইবে।

(২) সরকার মিটারের একটি আদিরূপ প্রস্তুতের ব্যবস্থা করিবে এবং বাটখারা ও পরিমাপনের আন্তর্জাতিক ব্যুরো কর্তৃক প্রত্যায়নের ব্যবস্থা করিবে এবং যেইরূপ উপযুক্ত মনে করিবে সেইরূপ স্থানে এবং হেফাজতে সংরক্ষণ করিবে।

(৩) বাটখারা ও পরিমাপনের অন্যান্য জাতীয় আদিরূপ ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক নির্ধারিত স্থানে ও হেফাজতে সংরক্ষণ করা হইবে যিনি অনধিক দশ বৎসরের মধ্যে এবং সংরক্ষণের পূর্বে উহা প্রতিপাদিত ও প্রত্যায়নের ব্যবস্থা করিবেন।

৭। **পরিমাপনের দ্বিতীয় শ্রেণীর এককসমূহ**।—সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই অধ্যাদেশের অধীনে, যেইরূপ উপযুক্ত মনে করিবে সেইরূপ মাত্রা ও সংখ্যামান, পরিমাপনের দ্বিতীয় শ্রেণীর একক হিসাবে ঘোষণা করিতে পারিবে ঃ

তবে শর্ত থাকে যে, সময় ব্যতীত, এইরূপ প্রতিটি দ্বিতীয় শ্রেণীর একক প্রাসঙ্গিক প্রাথমিক এককের দশ গুণের একটি ধনাত্মক বা ঋণাত্মক শক্তি হইবে।

৮। **বাটখারা ও পরিমাপনের আদর্শ**।—(১) ধারা ৪ ও ৬-এ উল্লিখিত বাটখারা ও পরিমাপনের সকল একক এবং ধারা ৭ এর অধীন দ্বিতীয় শ্রেণীভুক্ত ঘোষিত এককসমূহ বাটখারা ও পরিমাপনের আদর্শ একক হইবে।

(২) কোন স্থানে ধারা ৪ এর উপ-ধারা (৩) (ক) এ উল্লিখিত ভরের প্রাথমিক একক সেই স্থানের ওজনের আদর্শ একক হইবে।

(৩) কোনো বাটখারা, পরিমাপন বা সংখ্যামান আদর্শ বাটখারা, পরিমাপন বা সংখ্যামান আদর্শ বাটখারা, পরিমাপন বা সংখ্যামান ব্যতীত হইবে না।

(৪) কোনো বাটখারা বা পরিমাপন এই অধ্যাদেশ দ্বারা বা এই অধ্যাদেশের অধীনে প্রতিষ্ঠিত আদর্শ বাটখারা বা আদর্শ পরিমাপনের অনুরূপ না হইলে, উক্ত বাটখারা ও পরিমাপন তৈরি বা উৎপাদন করা যাইবে না ঃ

তবে শর্ত থাকে যে, সরকার, এই অধ্যাদেশের অধীনে বা এই অধ্যাদেশ দ্বারা প্রতিষ্ঠিত আদর্শের অনুরূপ নহে, এইরূপ যে কোনো বাটখারা বা পরিমাপন তৈরি বা উৎপাদনের জন্য অনুমতি প্রদান করিতে পারিবে, যদি এইরূপ বাটখারা বা পরিমাপন কেবল রপ্তানির উদ্দেশ্যে এবং সরকার কর্তৃক প্রণীত শর্ত ও বাধা-নিষেধের অধীনে তৈরি বা উৎপাদিত হয়।

(৫) এই অধ্যাদেশের দ্বারা বা এই অধ্যাদেশের অধীনে প্রতিষ্ঠিত বাটখারা, পরিমাপন বা সংখ্যামান আদর্শ একক অনুসরণ ব্যতীত, কোনো বাটখারা, পরিমাপন বা অন্যান্য পণ্যের উপর খোদিত পরিচিতি বা নির্দেশনা বহন করা যাইবে না ঃ

তবে শর্ত থাকে যে, যে সকল বাটখারা, পরিমাপন অথবা অন্যান্য পণ্য রপ্তানি করা হয়, সেই সকল বাটখারা, পরিমাপন বা সংখ্যামানের উপর খোদিত পরিচিতি বা নির্দেশনা অন্য কোন পদ্ধতিতে প্রস্তুত করা যাইবে যদি এইরূপ সংখ্যামান আদর্শ একক পরিচিতি বা নির্দেশনা অনুযায়ী করা হয়।

৯। **প্রচলিত বাটখারা ও পরিমাপনকে আদর্শ পরিমাপনে রূপান্তর**।—(১) বাটখারা ও পরিমাপনের আদর্শ একক ব্যতীত বাটখারা বা পরিমাপনের সংজ্ঞা অনুসারে যে কোনো এককে তফসিলে উল্লিখিত প্রকাশিত মানে পরিমাপনের এককের আদর্শমানে রূপান্তরিত করা যাইবে।

(২) আপাততঃ বলবৎ অন্য কোনো আইনে বা উহার অধীন প্রণীত কোনো প্রজ্ঞাপন, বিধি বা আদেশের, অথবা কোনো চুক্তি বা দলিল বা অন্য কোন ইন্সট্রুমেন্টে উল্লিখিত আদর্শ একক মানের কোনো বাটখারা, পরিমাপন বা সংখ্যামান ব্যতীত, অন্য কোনো বাটখারা, পরিমাপন বা, ক্ষেত্রমত, সংখ্যামান তফসিলে উল্লিখিত রূপান্তরিত মান হিসাবে ব্যাখ্যেয় হইবে।

(৩) সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, আনুপাতিক হার নির্দিষ্ট করিতে পারিবে যাহাতে কোনো বাটখারা বা পরিমাপনের পরিভাষা অনুসারে প্রকাশিত মান উপ-ধারা (১) এ উল্লিখিত বাটখারা ও পরিমাপন ব্যতীত, অন্য কোনো বাটখারা এবং পরিমাপনের আদর্শ মানদণ্ডের রূপান্তরিত হইতে পারে।

(৪) কোনো লেন-দেনে, এই ধারার অধীনে কোনো আদর্শ বাটখারা বা পরিমাপনের প্রকাশিত মান রূপান্তরের প্রয়োজন হইলে এইরূপ লেন-দেনের উদ্দেশ্যে, উক্ত নিরূপণ নির্ধারিত পদ্ধতিতে করা হইবে।

১০। **নমুনা মানদণ্ড *(reference standards)***।—(১) সরকার, ধারা ৮ এর উপ-ধারা (১) এ উল্লিখিত পরিমাপনের মানদণ্ড বা উহার গুণিতক বা উপ-গুণিতকের জন্য, নমুনা মানদণ্ড নামে, যেইরূপ সমীচীন মনে করিবে সেইরূপ সংখ্যক সেট প্রস্তুতের ব্যবস্থা করিবে এবং এইরূপ প্রতিটি পরিমাপনের সেট প্রাথমিক পরিমাপনের সহিত স্থির করিয়া প্রস্তুত করাইবে।

(২) নমুনা মানদণ্ডসমূহ ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি যেইরূপ র্নিধারণ করিবে সেইরূপ স্থানে ও অবস্থায় রাখা হইবে।

১১। **দ্বিতীয় শ্রেণীর মানদণ্ড**।—(১) প্রচলিত মানদণ্ডসমূহের *(Working standards)* শুদ্ধতা প্রতিপাদনের উদ্দেশ্যে, সরকার, দ্বিতীয় শ্রেণীর মানদণ্ড নামে, যেইরূপ সমীচীন মনে করিবে সেইরূপ সংখ্যক আদর্শ বাটখারা ও পরিমাপনের সেট প্রস্তুতের ব্যবস্থা করিবে এবং এইরূপ প্রতিটি সেট নমুনা মানদণ্ডের সহিত প্রতিপাদন করিয়া নির্ভরযোগ্য করা যাইবে।

(২) দ্বিতীয় শ্রেণীর মানদণ্ড ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক নির্ধারিত স্থানে ও অবস্থায় রাখা হইবে যিনি প্রতি পাঁচ বৎসরে কমপক্ষে একবার উহা নমুনা মানদণ্ডের সহিত প্রতিপাদনের ব্যবস্থা করিবেন এবং উক্ত প্রতিপাদন তারিখ দ্বারা চিহ্নিত করিবেন।

১২। **প্রচলিত মানদণ্ড।**—(১) বাণিজ্যিক বাটখারা ও পরিমাপনের শুদ্ধতা প্রতিপাদনের উদ্দেশ্যে, সরকার, প্রচলিত মানদণ্ড নামে, যেইরূপ সমীচীন মনে করিবে সেইরূপ সংখ্যক মানদণ্ডের সেট প্রস্তুতের ব্যবস্থা করিবে এবং অনুরূপ মানদণ্ড দ্বিতীয় শ্রেণীর মানদণ্ডের সহিত প্রতিপাদন করিয়া নির্ভরযোগ্য করা হইবে ঃ

তবে শর্ত থাকে যে, স্বর্ণ ও রৌপ্যের বাট এবং মূল্যবান পাথর সংশ্লিষ্ট প্রচলিত মানদণ্ডসমূহ নমুনা মানদণ্ডের সহিত সত্যতা প্রতিপাদন করা হইবে।

(২) প্রচলিত মানদণ্ডসমূহ ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক নির্ধারিত স্থানে ও অবস্থায় রাখা হইবে, ক্ষেত্রমত, তদকর্তৃক নির্ধারিত স্থানে ও পদ্ধতিতে প্রতিপাদন করা হইবে এবং এইরূপ সত্যতা প্রতিপাদন তারিখ দ্বারা চিহ্নিত করা হইবে।

(৩) প্রচলিত মানদণ্ড যাহা নির্ধারিত বিরতিতে প্রতিপাদিত করা হয় নাই, উহা নির্ধারিত বিরতিকাল সমাপ্তির পর, প্রতিপাদনের তারিখ চিহ্নিত না হওয়া পর্যন্ত ব্যবহার করা যাইবে না।

১৩। **আদর্শ বাটখারা ও পরিমাপন যন্ত্র।**—(১) ব্যবসা বা বাণিজ্যে ব্যবহৃত বাটখারা ও পরিমাপন যন্ত্র শুদ্ধতা প্রতিপাদনের উদ্দেশ্যে, সরকার যেইরূপ সমীচীন মনে করিবে সেইরূপ সংখ্যক বাটখারা ও পরিমাপন যন্ত্রপাতি প্রস্তুতের ব্যবস্থা করিবে এবং এইরূপ যন্ত্রপাতির শুদ্ধতা প্রতিপাদন এবং এইরূপ প্রতিপাদনের তারিখ ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে চিহ্নিত হইবে।

(২) আদর্শ বাটখারা ও পরিমাপন যন্ত্রপাতি সেই স্থানে রাখা হইবে যেই স্থানে দ্বিতীয় শ্রেণীর মানদণ্ড অথবা প্রচলিত মানদণ্ড রাখা হইবে।

## অংশ ৩

## পরিদর্শক নিয়োগ এবং ক্ষমতা, ইত্যাদি

**১৪। কর্মকর্তা নিয়োগ, ইত্যাদি।**—(১) ইনস্টিটিউট, সরকারের অনুমোদনক্রমে, বাটখারা ও পরিমাপনের জন্য যেরূপ উপযুক্ত মনে করিবে সেইরূপ সংখ্যক উপ-পরিচালক, সহকারী পরিচালক, পরিদর্শক এবং সহকারী পরিদর্শক নিয়োগ করিতে পারিবে।

(২) এই অধ্যাদেশের বিধানাবলী এবং ইহার অধীন প্রণীত বিধি সাপেক্ষে, সকল উপ-পরিচালক, সহকারী পরিচালক, পরিদর্শক এবং সহকারী পরিদর্শক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির নিয়ন্ত্রণে ও সাধারণ তত্ত্বাবধানে তাহাদের দায়িত্ব পালন করিবেন।

(৩) পরিচালক, উপ-পরিচালক ও সহকারী পরিচালকগণ, এই অধ্যাদেশ দ্বারা বা এই অধ্যাদেশের অধীনে তাহাদের উপর অর্পিত বা আরোপিত ক্ষমতা ও দায়িত্ব অতিরিক্ত হিসাবে, একজন পরিদর্শকের উপর অর্পিত বা আরোপিত যে কোনো ক্ষমতা প্রয়োগ বা যে কোনো দায়িত্ব পালন করিবেন।

(৪) সরকার, সাধারণ বা বিশেষ আদেশ দ্বারা, স্থানীয় সীমার নির্ধারণ করিবে যেখানে একজন পরিদর্শক বা উপ-ধারা (১) এর অধীন নিযুক্ত প্রত্যেক পরিদর্শক বা অন্য কোন কর্মকর্তা এই অধ্যাদেশ দ্বারা বা এই অধ্যাদেশের অধীন তাহার উপর অর্পিত বা আরোপিত ক্ষমতা প্রয়োগ এবং দায়িত্ব পালন করিবেন।

(৫) মহাপরিচালক, প্রত্যেক পরিচালক, উপ-পরিচালক, সহকারী পরিচালক, সিনিয়র পরীক্ষক, পরীক্ষক, পরিদর্শক, এবং এই অধ্যাদেশের অধীন বা এই অধ্যাদেশ দ্বারা যথাযথভাবে ক্ষমতাপ্রাপ্ত অন্যান্য কর্মকর্তা দণ্ডবিধি (১৮৬০ সনের ৪৫ নং আইন) এর ধারা ২১ এ জনসেবক (Public Servant) যেই অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে জনসেবক হিসাবে গণ্য হইবেন।

১৫। **পরিদর্শক কর্তৃক সত্যতা প্রতিপাদন এবং সীলমোহর প্রদান**।—একজন পরিদর্শক, ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক নির্ধারিত স্থান ও সময়ে, তাহার এখতিয়ারভুক্ত এলাকায় তাহার নিকট আনীত বাটখারা বা পরিমাপন, ওজন বা পরিমাপনযন্ত্র প্রতিপাদন করিবেন, এবং যদি তিনি এই অধ্যাদেশ দ্বারা ও উহার অধীনে প্রণীত বিধি অনুসারে উহা যথাযথ দেখিতে পান, তাহা হইলে তিনি সরকার যেরূপ নির্দেশ প্রদান করিবে সেইরূপে সত্যতা প্রতিপাদনের সীলমোহর প্রদান করিবেন।

১৬। **বাটখারা ও পরিমাপন পরিদর্শন ও সত্যতা প্রতিপাদনের ক্ষমতা**।—(১) ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি যে কোনো যুক্তিসঙ্গত সময়ে, একটি দ্বিতীয় শ্রেণীর মানদণ্ড বা প্রচলিত মানদণ্ড বা , ক্ষেত্রমত, এতদুদ্দেশ্যে নির্ধারিত বাটখারা বা পরিমাপন যন্ত্রের সাহায্যে, ব্যবসা বা বাণিজ্যে যে কোনো লেন-দেনে ব্যবহৃত যে কোনো বাটখারা, পরিমাপন, ওজন বা পরিমাপন যন্ত্রের বা যে কোনো ব্যক্তির অধিকারে থাকা বা অনুরূপ ব্যবহারের উদ্দেশ্যে যে প্রাঙ্গনে পাওয়া যায় ঐ সকল সামগ্রী পরিদর্শন বা সত্যতা প্রতিপাদন করিতে পারিবেন, এবং এইরূপ পরিদর্শন ও সত্যতা প্রতিপাদনের উদ্দেশ্যে প্রাঙ্গনে যে কোনো স্থানে প্রবেশ করিতে পারিবেন, এবং যে কোনো ব্যবসায়ী বা কর্মচারী বা ব্যবসায়ীর প্রতিনিধিকে উপস্থিত হইতে নির্দেশ দিতে পারিবেন, অথবা, দাবী পালন না করা হইলে, অথবা যে কোনো বাটখারা বা পরিমাপন, ওজন বা পরিমাপন যন্ত্র বা যে কোনো দলিল বা তৎসংশ্লিষ্ট রেকর্ড অনুসন্ধানের জন্য তাহার সম্মুখে আনয়নের জন্য নির্দেশ দিতে পারিবেন।

(২) উপ-ধারা (১) এর অধীন যে কোনো বাটখারা, পরিমাপন, ওজন বা পরিমাপন যন্ত্র প্রতিপাদনের উদ্দেশ্যে, ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি ব্যবসা বা বাণিজ্যের যে কোনো লেনদেনের সময় বিক্রীত বা সরবরাহকৃত যে কোনো দ্রব্যের ওজন বা পরিমাপনের সত্যতা প্রতিপাদন করিতে অথবা সত্যতা প্রতিপাদনের ব্যবস্থা করিতে পারিবেন।

(৩) যেক্ষেত্রে উপ-ধারা (১) এর অধীনে বিক্রীত বা বিক্রয়ের উদ্দেশ্যে কোনো বাটখারা, পরিমাপন ওজন বা পরিমাপন যন্ত্র বা অন্য কোনো পণ্য পরিদর্শন বা প্রতিপাদন করা হয় এবং নির্দিষ্ট পরিমাণ, সূচিত মোড়কে পাওয়া না যায়, সেইক্ষেত্রে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি, উহা বাজেয়াপ্ত বা আটক করিতে পারিবেন।

(৪) যেক্ষেত্রে উপ-ধারা (৩) এর অধীন বাজেয়াপ্তকৃত পণ্য দ্রুত ও স্বাভাবিক পচনশীল প্রকৃতির হয়, সেইক্ষেত্রে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি, সরকার কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে, উক্ত পণ্য নিষ্পত্তি করিতে পারিবেন।

(৫) বিধির অধীন অনুসন্ধান ও বাজেয়াপ্তি সংশ্লিষ্ট অনুষ্ঠিত যে কোন অনুসন্ধান বা বাজেয়াপ্ত কার্য ফৌজদারী কার্যবিধি (১৮৯৮ সনের ৫ নং আইন) এর বিধান অনুসারে করা হইবে।

(৬) উপ-ধারা (৩) এর অধীনে বাজেয়াপ্তকৃত প্রত্যেক ত্রুটিযুক্ত বা অপ্রতিপাদিত বাটখারা বা পরিমাপন অথবা পণ্য ইনস্টিটিউশন বরাবর বাজেয়াপ্ত হইবে ঃ

তবে শর্ত থাকে যে, ইনস্টিটিউশন বরাবরে অপ্রতিপাদিত বাটখারা বা পরিমাপন বাজেয়াপ্ত হইবে না, যদি যে ব্যক্তির নিকট হইতে এইরূপ বাটখারা বা পরিমাপন বাজেয়াপ্ত হইয়াছিল উহা নির্ধারিত সময়ের মধ্যে প্রতিপাদিত ও সীলমোহর প্রদত্ত হয়।

১৭। **সীলমোহরযুক্ত মোড়ক ও ধারণপাত্রের অভ্যন্তরস্থ বস্তু পরিদর্শন এবং প্রতিপাদনের ক্ষমতা।**—(১) যেক্ষেত্রে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি বা একজন পরিদর্শকের বিশ্বাস করিবার কারণ থাকে যে, বিক্রয়ের উদ্দেশ্যে সীলমোহরযুক্ত মোড়ক বা ধারণপাত্রে নীট ওজনের বা পরিমাণের পণ্য নাই, সেইক্ষেত্রে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি বা ক্ষেত্রমত, পরিদর্শক মোড়ক বা ধারণপাত্র খুলিতে পারিবেন এবং পাত্রের অভ্যন্তরস্থ বস্তুর ওজন বা পরিমাপন প্রতিপাদন করিতে পারিবেন এবং এইরূপ প্রতিপাদনের উদ্দেশ্যে কোনো স্থানে বা প্রাঙ্গনে প্রবেশ করিতে পারিবেন বা প্রতিপাদনের জন্য উদ্দীষ্ট মোড়ক বা ধারণপাত্র তাহার সম্মুখে উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট ব্যবসায়ী বা যে কোন কর্মচারী বা প্রতিনিধিকে নির্দেশ প্রদান করিতে পারিবেন।

(২) যেক্ষেত্রে উপ-ধারা (১) এর অধীন প্রতিপাদনের মাধ্যমে অভ্যন্তরস্থ নীট ওজন বা পরিমাপন মোড়ক বা ধারণপাত্রে নির্দেশিত পরিমাণের সমান পাওয়া যায়, সেক্ষেত্রে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি বা, ক্ষেত্রমত, পরিদর্শক মোড়ক বা ধারণপাত্রের অভ্যন্তরস্থ বস্তুর ক্ষতিসাধন ব্যতীত, পুনরায় সীলমোহর করিবেন, এবং অভ্যন্তরস্থ বস্তুর সঠিক ওজন বা পরিমাপ বর্ণনা করিয়া একটি সনদপত্র সংযোজন করিয়া দিবেন।

(৩) যেক্ষেত্রে উপ-ধারা (১) এর অধীন প্রতিপাদিত অভ্যন্তরস্থ বস্তুর নীট ওজন বা পরিমাপন মোড়ক বা ধারণপাত্রের নির্দেশিত পরিমাণের সমান পাওয়া না যায়, সেইক্ষেত্রে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি বা, ক্ষেত্রমত, পরিদর্শক মোড়ক বা ধারণপাত্রের বা ইহার অভ্যন্তরস্থ বস্তুর বাজেয়াপ্ত বা আটক করিতে পারিবেন।

১৮। **বাটখারা এবং পরিমাপন উপযোগীকরণের ক্ষমতা।**—যদি ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি, মনে করেন যে, কোন এলাকায় কোট বাটখারা বা পরিমাপন, ওজন বা পরিমাপন যন্ত্রের সমন্বয়সাধন করা বাঞ্ছনীয়, তাহা হইলে তিনি একজন পরিদর্শককে, তদকর্তৃক নির্দেশিত পদ্ধতিতে, উক্ত বাটখারা বা পরিমাপন, ওজন বা পরিমাপন যন্ত্র সমন্বয় করিবার জন্য নির্দেশ প্রদান করিবেন এবং পরিদর্শক তদানুসারে উহা করিবেন।

১৯। **উৎপাদনকারী, ইত্যাদি কর্তৃক রেকর্ড, দলিলপত্র সংরক্ষণ**।—বাটখারা বা পরিমাপন, ওজন বা পরিমাপন যন্ত্রপাতির উৎপাদনকারী মেরামতকারী বা ডিলার এবং ব্যবসা বা বাণিজ্যের লেনদেন এবং ব্যবসা-বাণিজ্যের ব্যবহারকারী প্রত্যেক ব্যক্তি সরকার কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে রেকর্ড ও হিসাব সংরক্ষণ করিবেন এবং, ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি তলব করিলে এইরূপ রেকর্ড ও হিসাব তাহার সম্মুখে উপস্থাপন করিবেন।

## অংশ ৪

## বাটখারা, পরিমাপন বা অন্যান্য শ্রেণীর ব্যবসা বা বাণিজ্য

### অধ্যায় ১

### নমুনার অনুমোদন

২০। **নমুনার অনুমোদন**।—(১) এই ধারার ভিন্নরূপ বিধান সত্ত্বেও, এই অধ্যায় নিম্নবর্ণিত বিষয়ে প্রয়োগ হইবে না—

(ক) এই অধ্যাদেশ প্রর্বতনের পূর্বে, কোন বাটখারা বা পরিমাপন যাহা আপততঃ বলবৎ কোনো আইনের অধীনে প্রতিপাদন ও স্ট্যাম্প প্রদান বাধ্যতামূলক হইয়া থাকে;

(খ) এতদুদ্দেশ্যে বিধি দ্বারা নির্ধারিত পরিমাপন ব্যতীত, কোনো ঢালাই লোহা, পিতল, স্বর্ণ ও রৌপ্যের বাট বা স্বর্ণের বিশুদ্ধতার ওজন বা যে কোনো বীম স্কেল;

(গ) সাধারণভাবে বোনা-কাপড় বা কাঠের খুচরা ব্যবসার জন্য ব্যবহৃত দৈর্ঘ্য পরিমাপন (পরিমাপনের ট্যাপ নহে);

(ঘ) ধারণ ক্ষমতার পরিমাপন যাহা সাধারণভাবে কেরোসিন, দুধ বা বহনযোগ্য তরল পদার্থের খুচরা ব্যবসার জন্য ব্যবহৃত হয়।

(২) যেক্ষেত্রে বাটখারা ও পরিমাপন সম্পর্কিত আইন বাস্তবায়নের দায়িত্বে নিয়োজিত কোনো সরকারি কর্মকর্তার বিশ্বাস করিবার কারণ থাকে যে, উপ-ধারা (১) এ উল্লিখিত কোনো বাটখারা বা পরিমাপনের নমুনা একজন ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি দ্বারা পরীক্ষা করা আবশ্যক, সেইক্ষেত্রে তিনি বাজার হইতে এইরূপ বাটখারা বা পরিমাপন সংগ্রহ করিতে পারিবেন এবং ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির নিকট পরীক্ষার জন্য প্রেরণ করিতে পারিবেন, যাহার ফিস সরকার কর্তৃক পরিশোধযোগ্য।

(৩) প্রত্যেক ব্যক্তি, এই অধ্যায়ে উল্লিখিত বাটখারা বা পরিমাপন তৈরি বা উৎপাদনের পূর্বে, ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক নির্ধারিত সংখ্যক বাটখারা বা পরিমাপন সম্পর্কিত নমুনা, নক্শা এবং অন্যান্য তথ্য ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির নিকট অনুমোদনের জন্য দাখিল করিবেন ঃ

তবে শর্ত থাকে যে, যে সকল বাটখারা বা পরিমাপন ইতোমধ্যে তৈরি বা প্রস্তুত করা হইয়াছে অথবা তৈরি বা প্রস্তুতের প্রক্রিয়াধীন অবস্থায় রহিয়াছে সেই সকল বাটখারা বা পরিমাপনের নমুনা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির নিকট দাখিল করিতে হইবে ঃ

আরও শর্ত থাকে যে, কোন বাটখারা বা পরিমাপন যাহা উহার বৈশিষ্ট্যের বা অন্য কোনো কারণে দাখিল করা না গেলে বাটখারা বা পরিমাপন সম্পর্কিত নমুনা ও অন্যান্য নির্দিষ্ট তথ্য ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির নিকট দাখিল করা যাইবে, এবং ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি অবিলম্বে বাটখারা ও পরিমাপনসমূহ সেইস্থানে পরীক্ষা করিবেন যেখানে ইহা তৈরি বা উৎপাদিত হয় অথবা সরকার কর্তৃক নির্ধারিত কোনো স্থানে উহা পরীক্ষা করিতে পারিবেন।

(৪) ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর ধার্য করিতে পারিবে এবং এই ধারার অধীনে অনুমোদনের জন্য দাখিলকৃত যে কোনো নমুনা পরীক্ষার জন্য সরকার কর্তৃক নির্ধারিত ফিস প্রস্তুতকারী বা উৎপাদনকারীর নিকট হইতে সংগ্রহ করিতে পারিবে।

(৫) ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি তাহার নিকট দাখিলকৃত নমুনাসমূহ নিম্নবর্ণিত উদ্দেশ্যে পরীক্ষা করিবেন—

(ক) এইরূপ নমুনাসমূহ এই অধ্যাদেশের অধীনে বা এই অধ্যাদেশের দ্বারা প্রতিষ্ঠিত মানদণ্ডের অনুরূপ কিনা উহা নিশ্চিত করা;

(খ) এইরূপ নমুনা সময়ের পরিক্রমায় ব্যবহারে টিকিয়া থাকার ক্ষমতা ও সঠিকতা বজায় রাখিতে সামর্থ্য কিনা উহা খুঁজিয়া বাহির করা; এবং

(গ) মহাপরিচালক কর্তৃক নির্ধারিত পরিবর্তনশীল অবস্থায় এইরূপ নমুনাসমূহ কার্যকারিতা নির্ণয় করা।

(৬) ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি যদি প্রতিবেদন বিবেচনার পর এইমর্মে সন্তুষ্ট হন যে, পূর্বোক্ত নমুনাসমূহ এই অধ্যাদেশ বা তদোধীন প্রণীত বিধি অনুসারে এবং পরিবর্তনশীল অবস্থার অধীনে সময়ের পরিক্রমায় ব্যবহারে টিকিয়া থাকা ও সঠিকতা বজায় রাখিয়াছে, তাহা হইলে তিনি উক্ত নমুনা অনুমোদনের সার্টিফিকেট ইস্যু করিতে পারিবেন।

(৭) নমুনা অনুমোদনের সার্টিফিকেট সরকারি গেজেটে অথবা সরকারের নির্দেশ অনুসারে অন্যভাবে প্রকাশিত হইবে।

(৮) ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি, যদি তিনি সন্তুষ্ট হন যে, তদকর্তৃক অনুমোদিত নমুনা অনুসারে প্রস্তুতকৃত বা উৎপাদিত পণ্য প্রত্যাশিত ফল প্রদানে ব্যর্থ হইয়াছে অথবা এই অধ্যাদেশের অধীনে বা এই অধ্যাদেশের দ্বারা প্রতিষ্ঠিত মানদণ্ড উপযোগী হইতে ব্যর্থ হইয়াছে, তাহা হইলে তিনি উপ-ধারা (৬) এর অধীনে তদ্‌কর্তৃক ইস্যুকৃত অনুমোদন সার্টিফিকেট বাতিল করিতে পারিবেন ঃ

তবে শর্ত থাকে যে, এইরূপ বাটখারা বা পরিমাপনের উৎপাদনকারী বা প্রস্তুতকারককে শুনানির যুক্তিসংগত সুযোগ প্রদান ব্যতীত, এইরূপ বাতিল কার্যকর করা যাইবে না ঃ

আরও শর্ত থাকে যে, যেক্ষেত্রে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি সন্তুষ্ট হন যে, বাটখারা বা পরিমাপনের নমুনার মধ্যে প্রস্তুতকারক বা উৎপাদনকারী দ্বারা সম্পাদিত পরিবর্তনের কারণে, এইরূপ নমুনা অনুমোদনে উপযুক্ত হইয়াছে, সেক্ষেত্রে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি তদকর্তৃক ইস্যুকৃত অনুমোদিত সার্টিফিকেট বাতিল আদেশ প্রত্যাহার করিতে পারিবন।

(৯) যদি কোনো কারণে বাটখারা বা পরিমাপনের অনুমোদিত নমুনার কোনো উপাদান বাংলাদেশে সহজলভ্য নহে তাহা হইলে উৎপাদনকারী বিকল্প উপাদান দ্বারা এইরূপ বাটখারা বা পরিমাপনের উৎপাদন অব্যাহত রাখিতে পারিবেন যাহা তাহার মতে অনুরূপ বাটখারা বা পরিমাপন উৎপাদনের জন্য অত্যন্ত উপযোগী হইবে, তবে যেক্ষেত্রে উৎপাদনকারী এইরূপ করিবেন, সেইক্ষেত্রে তিনি ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির নিকট এইরূপ বিকল্প উপাদানসমূহ পরীক্ষার জন্য প্রেরণ করিবেন।

(১০) যদি ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি অভিমত পোষণ করেন যে, উপ-ধারা (৯) এ উল্লিখিত বিকল্প উপাদান উপযোগী নহে, এবং উৎপাদনের জন্য অন্য কোনো, উপাদান বাংলাদেশে সহজলভ্য যাহা অধিকতর উপযোগী, তাহা হইলে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি তাহার সন্ধানপ্রাপ্ত উপাদান সম্পর্কে উৎপাদনকারীকে অবগত করিবেন এবং পরবর্তীতে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক অনুমোদিত উপাদান বাংলাদেশে সহজলভ্য না হওয়া পর্যন্ত উৎপাদনকারী সুপারিশকৃত উপাদান ব্যতীত অন্য কোনো উপাদান দ্বারা বাটখারা বা পরিমাপন উৎপাদন করিবে না ঃ

তবে শর্ত থাকে যে, যেক্ষেত্রে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির মতে, উপ-ধারা (৯) এ উল্লিখিত বিকল্প উপাদান উপযোগী নহে, এবং এইরূপ কোনো বিকল্প উপাদান বাংলাদেশে সহজলভ্য না হয়, সেক্ষেত্রে নমুনা সংশ্লিষ্ট অনুমোদন উপযোগী উপাদান বাংলাদেশে সহজলভ্য না হওয়া পর্যন্ত মুলতবী থাকিবে।

(১১) যেক্ষেত্রে কোনো বাটখারা বা পরিমাপনের নমুনা অনুমোদিত হইয়াছে, সেইক্ষেত্রে এইরূপ বাটখারা বা পরিমাপনের বিভিন্ন শ্রেণীর নমুনার কোনো অনুমোদনের প্রয়োজন হইবে না, যদি এইগুলি মূল উপাদান অনুসারে হইয়া থাকে।

২১। **বাটখারা এবং পরিমাপন উৎপাদন করিবার লাইসেন্স।**—(১) কোনো বাটখারা বা পরিমাপন তৈরি বা উৎপাদনের জন্য লাইসেন্স ইস্যু করিবার পূর্বে, সরকার অথবা এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো ব্যক্তি, ক্ষেত্রমত, সন্তুষ্ট হইবে বা হইবেন যে, এইরূপ বাটখারা বা পরিমাপনের নমুনার অনুমোদনের সার্টিফিকেট ধারা ২০ এর অধীন প্রদান করা হইয়াছে।

(২) যেক্ষেত্রে নমুনা অনুমোদনের সার্টিফিকেট ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক বাতিল হইয়াছে সেইক্ষেত্রে এইরূপ নমুনা অনুসারে কোনো বাটখারা বা পরিমাপন তৈরি বা উৎপাদনের জন্য ইস্যুকৃত লাইসেন্স স্থগিত হইবে ঃ

তবে শর্ত থাকে যে, এইরূপ স্থগিত প্রত্যাহার করা হইবে যদি এইরূপ নমুনা পরবর্তীতে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক অনুমোদিত হয়।

২২। **বাটখারা ও পরিমাপন অনুমোদিত নমুনার সংখ্যা ধারণ, ইত্যাদি।**—প্রতিটি বাটখারা বা পরিমাপন যাহার জন্য একটি নমুনা অনুমোদন করা হইয়াছে উহা, সরকার কর্তৃক নির্ধারিত পদ্ধতিতে, অনুমোদিত নমুনার সংখ্যা এবং সার্টিফিকেটের সংখ্যা, বহন করিবে ঃ

তবে শর্ত থাকে যে, যেক্ষেত্রে সরকার মনে করে যে, আকার ও বৈশিষ্ট্যের কারণে কোনো বাটখারা বা পরিমাপনের উপর বিবরণের অন্তর্ভুক্তি সম্ভব নহে, সেইক্ষেত্রে উহা উক্ত বাটখারা বা পরিমাপনের উপর উক্তরূপ অব্যাহতি দিতে পারিবে।

## অধ্যায় ২

## মোড়কজাত পণ্যদ্রব্য

২৩। (১) কোনো ব্যক্তি মোড়কজাত কোনো পণ্য—

(ক) তৈরি, উৎপাদন, মোড়কজাত, বিক্রয় করিবে না, বা মোড়কজাত বা বিক্রয়ের ব্যবস্থা করিবেন; বা

(খ) পরিবেশন, সরবরাহ করিবে না অথবা পরিবেশন বা সরবরাহের ব্যবস্থা করিবে; বা

(গ) বিক্রয়ের উদ্দেশ্যে প্রদর্শন বা অধিকারে রাখিবেন না:

যদি না এইরূপ মোড়কের উপরিভাগে বা লেবেলের একটা সুনির্দিষ্ট, সহজবোধ্য, দৃষ্টি গ্রাহ্য ঘোষণা নির্বিঘ্নে নিম্নবর্ণিত নির্ধারিত পদ্ধতিতে সংযোজিত থাকে,—

(অ) মোড়কের ভিতরের পণ্যের পরিচয়;

(আ) মোড়কের ভিতরের পণ্যের, বাটখারা বা পরিমাপনের আদর্শ এককের পরিভাষা অনুসারে, নীট পরিমাণ;

(ই) মোড়কের মধ্যে ধারণকৃত পণ্যের সঠিক সংখ্যা, যদি উক্তরূপ পণ্য সংখ্যার দ্বারা মোড়কজাত করা হয় বা বিক্রয় করা হয়; এবং

(ঈ) মোড়কের বিক্রয়মূল্য।

(২) উপ-ধারা (১) এ উল্লিখিত প্রত্যেক মোড়কের উপর উৎপাদনকারীর নাম, মোড়কজাতকারীর নাম অথবা পরিবেশকের নাম বহন করিবে।

(৩) যেক্ষেত্রে একটা পণ্যদ্রব্যের মোড়ক বা উহার উপরিস্থিত লেবেলে অভ্যন্তরস্থ ধারণকৃত পণ্য পরিবেশনের সংখ্যা উপস্থাপনা বহন করে, সেইক্ষেত্রে এইরূপ মোড়ক বা লেবেল এইরূপ পরিবেশনের (ওজন, পরিমাণ বা সংখ্যামানের পরিভাষায়) নীট পরিমাণের একটি বিবৃতিও বহন করিবে।

(৪) একটি মোড়কের অভ্যন্তরস্থ বস্তুর নীট ওজন, পরিমাণ বা সংখ্যা বিষয়ে মোড়ক বা লেবেলের উপরিভাগের বিবৃতি এইরূপ কোনো বর্ণনাকে অন্তর্ভুক্ত করিবে না যাহার দ্বারা এইরূপ ওজন, পরিমাপন বা সংখ্যাকে সীমিত করিবার প্রবণতা থাকে।

(৫) যেক্ষেত্রে সরকারের বিশ্বাস করিবার কারণ থাকে যে, ওজন, পরিমাপন বা সংখ্যার অযৌক্তিক সংখ্যা বৃদ্ধি পাইয়াছে যাহাতে কোনো পণ্য বা যুক্তিসঙ্গত তুলনীয় পণ্যদ্রব্য বিক্রয়, পরিবেশন বা সরবরাহের জন্য মোড়কজাত হইতেছে এবং এইরূপ অযৌক্তিক সংখ্যাবৃদ্ধি, সরকারের মতে, পণ্যের নীট পরিমাণ বা সংখ্যা বিবেচনার পরে তুলনামূলক মূল্য নির্ধারণের ক্ষেত্রে ভোক্তার যুক্তিসংগত সামর্থ্য ক্ষুণ্ন করে, তাহা হইলে সরকার যেরূপ নির্ধারণ করিবে সেইরূপ উৎপাদনকারীকে এবং মোড়কজাতকারী বা পরিবেশকগণকে এইরূপ পণ্যদ্রব্য মানসম্মত পরিমাণ বা সংখ্যায় বিক্রয়, পরিবেশন বা সরবরাহের নির্দেশ প্রদান করিতে পারিবে।

(৬) যেক্ষেত্রে কোনো বিজ্ঞাপনে, মোড়কজাত আকারে একটি পণ্যদ্রব্যের খুচরা মূল্য বর্ণিত হয়, সেইক্ষেত্রে মোড়কের মধ্যে ধারণকৃত পণ্যের নীট পরিমাণ বা সংখ্যার বিষয়ে বিজ্ঞাপনে দৃষ্টিগ্রাহ্য ঘোষণা এবং উহার একক খুচরা বিক্রয় মূল্যও অন্তর্ভুক্ত থাকিবে।

(৭) কোনো ব্যক্তি নির্দেশিত ধারণ ক্ষমতার তুলনায় কম পণ্য ধারণকৃত পণ্যদ্রব্য বিক্রয় বিতরণ বা সরবরাহ করিতে পারিবে না, যেক্ষেত্রে এইরূপ ব্যক্তি দ্বারা ইহা প্রমাণিত হয় যে, একটি মোড়ক নিম্নবর্ণিত উদ্দেশ্যে মোড়কজাত করা হইয়াছে—

(ক) এইরূপ মোড়কের অভ্যন্তরস্থ বস্তুর সুরক্ষা, বা

(খ) এইরূপ মোড়কের অভ্যন্তরস্থ বস্তুর জন্য ব্যবহৃত মেশিনের প্রয়োজনীয় শর্ত পূরণ।

(৮) সরকার প্যাক পদ্ধতির মধ্যে অথবা ব্যবসা বা বাণিজ্যে পরিচিতি হওয়ার পর সাধারণ প্রদর্শনে দায় হইতে পারে এইরূপ মতে মোড়কের মধ্যে পণ্যের নীট পরিমাণ এইরূপ যুক্তিসঙ্গত মাত্রা বিশেষভাবে উল্লেখ করিতে পারে।

## অংশ ৩

## বাটখারা ও পরিমাপনের উৎপাদন, আমদানি ও রপ্তানি এবং মোড়কজাত পণ্য

২৪। **লাইসেন্সবিহীন বাটখারা ও পরিমাপন উৎপাদন নিষিদ্ধ**।—(১) ধারা ২০ এর অধীনে অনুমোদিত সার্টিফিকেটের বিধান অনুসরণ ব্যতীত, কোন ব্যক্তি কোনো বাণিজ্যিক বাটখারা বা পরিমাপন বা ওজন বা পরিমাপন যন্ত্রপাতি উৎপাদন, মেরামত বা বিক্রয়ে বা পরিমাপন যন্ত্রের ব্যবসা করিবেন না।

(২) কোন ডিলার বা উৎপাদনকারী এই ধারার অধীনে রপ্তানিকারক বা আমদানিকারক হিসাবে নিবন্ধিত না হইলে, কোনো বাটখারা বা পরিমাপন যন্ত্র রপ্তানি বা আমদানি করিবেন না।

(৩) প্রত্যেক ব্যক্তি যিনি কোন বাটখারা বা পরিমাপনের রপ্তানিকারক বা আমদানিকারক হিসাব ব্যবসা আরম্ভ করিবার বা চালাইয়া যাইবার ইচ্ছা প্রকাশ করেন, তিনি, এই অধ্যাদেশে প্রবর্তনের পর, নির্ধারিত সময়ের মধ্যে এতদুদ্দেশ্যে রক্ষিত নিবন্ধন বহিতে তাহার নাম অন্তর্ভুক্তির জন্য আবেদন করিবেন।

(৪) উপ-ধারা (৩) এ উল্লিখিত আবেদনপত্রসমূহ ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির নিকট করিতে হইবে এবং এইরূপ প্রতিটি আবেদনপত্র নির্ধারিত পদ্ধতিতে এবং নির্ধারিত ফিস প্রদানপূর্বক, অনধিক ১০০ টাকা, করিতে হইবে।

(৫) উপ-ধারা (৩) এ উল্লিখিত আবেদন প্রাপ্তির পর, ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি উক্ত উপ-ধারার অধীন নিবন্ধন বহিতে আবেদনকারীর নাম অন্তর্ভুক্ত করিবেন এবং আবেদনকারীকে এই মর্মে একখানা সার্টিফিকেট প্রদান করিবেন যে তাহার নাম অনুরূপভাবে অন্তর্ভুক্ত হইয়াছে।

(৬) উপ-ধারা (৫) এর অধীনে প্রদত্ত সার্টিফিকেট, উহাতে উল্লিখিত নির্ধারিত সময় পর্যন্ত, বৈধ থাকিবে এবং সময় সময়, নির্ধারিত মেয়াদের জন্য উহা নবায়ন করা যাইবে।

২৫। **যেই শর্তাধীন মানদণ্ডবিহীন বাটখারা বা অন্যান্য দ্রব্য রপ্তানির অনুমতি দেওয়া যাইতে পারে।**—(১) নির্ধারিত শর্ত সাপেক্ষে, সীমাবদ্ধতা এবং বাধানিষেধ সাপেক্ষে, সরকার কোন বাটখারা বা পরিমাপন যন্ত্র রপ্তানির জন্য অনুমতি প্রদান করিতে পারিবে যাহা সরকারের পূর্ব অনুমতিক্রমে সম্পূর্ণভাবে রপ্তানির উদ্দেশ্যে উৎপাদিত হইয়াছে, যদিও এইরূপ বাটখারা বা পরিমাপন যন্ত্র এই অধ্যাদেশের অধীনে বা এই অধ্যাদেশ দ্বারা প্রতিষ্ঠিত মানদণ্ডের উপযোগী না হয়।

(২) যেক্ষেত্রে কোনো পণ্য মোড়কজাত আকারে রপ্তানি করা হয় এবং চাহিদা মোতাবেক যে ব্যক্তির নিকট এইরূপভাবে রপ্তানি করা হয়, সেইক্ষেত্রে রপ্তানিকারক, এই অধ্যাদেশের অধীনে বা এই অধ্যাদেশ দ্বারা প্রতিষ্ঠিত বাটখারা বা পরিমাপনের আদর্শ এককের পরিভাষা অনুসারে মোড়কের অভ্যন্তরস্থ নীট ওজনের অতিরিক্ত হিসাবে যে ব্যক্তির নিকট রপ্তানি করা হইবে, তদকর্তৃক নির্ধারিত চাহিদা অনুসারে, এইরূপ বাটখারা ও পরিমাপনের পরিভাষায় ইহার অভ্যন্তরস্থ নীট বস্তু বা ওজন নির্দেশ করিতে পারিবে।

(৩) এই অধ্যাদেশের অন্যত্র ভিন্নতর কিছু থাকা সত্ত্বেও, রপ্তানিযোগ্য কোনো পণ্য বিষয়ে,—

(ক) কোনো মূল্যের তালিকা (quotation);

(খ) কোন মূল্য তালিকা, চালান বা ক্যাশ মেমো;

(গ) কোন লেবেল, কার্টুন বা অন্যান্য জিনিসের উপর কোনো মোড়কের অভ্যন্তরস্থ বস্তুর প্রকৃত ওজন বা পরিমাণ বা সংখ্যামানের নির্দেশনা; এবং

(ঘ) কোন আয়তন প্রকাশ (dimension);

বাটখারা, পরিমাপন বা সংখ্যামান অনুসারে করা যাইতে পারে, যদি রপ্তানি পণ্য গ্রহণকারী এইরূপ প্রয়োজন মনে করে।

২৬। **মেট্রিক পদ্ধতির নহে এইরূপ বাটখারা বা পরিমাপন আমদানি করা যাইবে না।**—(১) উপ-ধারা (২) এর শর্ত ব্যতিরেকে, কোনো বাটখারা বা পরিমাপন আমদানি করা যাইবে না অথবা কোনো যন্ত্র বা যন্ত্রপাতির বিচ্ছিন্ন অংশ বা এককভাবে যাহাই হউক না কেন, যদি এই অধ্যাদেশের অধীনে প্রতিষ্ঠিত বাটখারা বা পরিমাপন মানদন্ডের উপযোগী না হয়।

(২) সেক্ষেত্রে কোনো পণ্যদ্রব্য, যন্ত্রপাতি বা যন্ত্রপাতির কোনো অংশ বা কোনো উপাদান এইরূপ কোন দেশ হইতে আমদানি করা যেখানে কোন বাটখারা বা পরিমাপনের মেট্রিক পদ্ধতি কার্যকর নাই, অথবা যেখানে এইরূপ পদ্ধতি কার্যকর আছে, তবে এইরূপ পণ্যদ্রব্য, যন্ত্রপাতি, যন্ত্রপাতির কোনো অংশ বা কোনো উপাদান এইরূপ পদ্ধতি অনুসারে তৈরি বা উৎপাদন করা হয় নাই, সেইক্ষেত্রে আমদানিকারক, উহা আমদানি করিবার পূর্বে, এই অধ্যাদেশের অধীনে বা এই অধ্যাদেশ দ্বারা প্রতিষ্ঠিত বাটখারা বা পরিমাপনের আদর্শ এককের পরিভাষা অনুসারে প্রস্তুতকৃত বাটখারা বা পরিমাপন বা এইরূপ পণ্যদ্রব্য, যন্ত্রপাতি, উহার অংশ বা উপাদান বা উহার নকশা লাভের প্রচেষ্টা চালাইবেনঃ

তবে শর্ত থাকে যে, যেক্ষেত্রে কোনো বাটখারা বা পরিমাপন এই অধ্যাদেশের অধীনে বা এই অধ্যাদেশ দ্বারা প্রতিষ্ঠিত বাটখারা বা পরিমাপনের আদর্শ এককের পরিভাষা অনুসারে বা কোনো পণ্যদ্রব্য, যন্ত্রপাতি বা উপাদান বা ইহার কোনো নকশার উপর সম্পূর্ণভাবে বর্ণিত হয় নাই, সেইক্ষেত্রে আমদানিকারক আমদানির ০৬ (ছয়) মাস পূর্বে, এই অধ্যাদেশের অধীনে বা এই অধ্যাদেশ দ্বারা প্রতিষ্ঠিত বাটখারা বা পরিমাপনের আদর্শ এককের পরিভাষা অনুসারে বর্ণিত এইরূপ পণ্যদ্রব্য, যন্ত্রপাতি, উহার অংশ বা উপাদান এবং উহার নকশা গ্রহণ করিবেন।

২৭। **আদর্শ বাটখারা ও পরিমাপন ব্যতীত অন্য কোন বাটখারা বা পরিমাপনের ব্যবহার নিষিদ্ধ।**—(১) আপাততঃ বলবৎ অন্য কোন আইনে অথবা যে কোনো প্রথা বা রীতিনীতি বা প্রচলিত রীতিতে যাহা কিছু থাকুক না কেন, উপ-ধারা (২) এর অধীনে অনুমতি প্রদত্ত এলাকা ব্যতীত, এই ধারা কার্যকর হওয়ার তারিখ হইতে ছয় মাস অতিক্রান্ত হওয়ার পর, এইরূপ এলাকায় বা ব্যবসা বা বাণিজ্যের বা যে কোনো লেনদেনে বা মালামাল সরবরাহের কাজে আদর্শ বাটখারা বা পরিমাপন ব্যতীত, অন্যকোন বাটখারা বা পরিমাপন ব্যবহৃত হইবে না।

(২) সরকার, সরকারি *গেজেটে প্রজ্ঞাপন* দ্বারা, যে কোনো এলাকায় বা যে কোনো শ্রেণীর পণ্য বা কোনো উদ্যোগের বিষয়ে এই ধারা কার্যকর হইয়াছে সেখানে এইরূপ বাটখারা বা পরিমাপন প্রজ্ঞাপনের তারিখ হইতে অনধিক তিন বৎসর অব্যাহতভাবে ব্যবহারের অনুমতি দিতে পারিবে।

২৮। **আদর্শ ওজনের পরিভাষায় নির্ণিত পরিমাণ হইতে ভিন্ন পরিমাপ গ্রহণ বা দাবী নিষিদ্ধ, ইত্যাদি**।—কোন দেশে প্রচলিত প্রথা, রীতিনীতি বা প্রচলিত রীতি, বা যে কোনো পদ্ধতি সত্ত্বেও, কোনো ব্যক্তি আদর্শ বাটখারা বা পরিমাপনের পরিভাষায় নির্ণিত এবং এইরূপ পণ্য ব্যবসা বা চুক্তির দ্বারা নির্ধারিত পরিমাণের তুলনায় কম বা বেশি পরিমাণের পণ্য গ্রহণ করিতে বা দাবী করিতে পারিবে না অথবা গ্রহণ বা দাবীর ব্যবস্থা করিতে পারিবেন না।

২৯। **নির্দিষ্ট এলাকায় কেবল বাটখারা, বা পরিমাপন ব্যবহারের নির্দেশ প্রদানের ক্ষমতা**।—সরকার, সরকারি *গেজেটে প্রজ্ঞাপন* দ্বারা, এই মর্মে নির্দেশ প্রদান করিতে পারিবে যে, কোনো এলাকায় নির্ধারিত তারিখ হইতে, নির্ধারিত শর্ত সাপেক্ষে, এবং ব্যবসা বা বাণিজ্যে, প্রজ্ঞাপনে উল্লিখিত বাটখারা বা পরিমাপন ব্যতীত, কোনো লেন-দেন, ক্রয়-বিক্রয় বা মালামাল সরবরাহ করা যাইবে না।

৩০। **বাণিজ্যিক বাটখারা ও পরিমাপনের উপর একক চিহ্ন বহন করিতে হইবে**।—কোন বাটখারা বা পরিমাপন বাণিজ্যিক বাটখারা বা পরিমাপন হিসাবে ব্যবহৃত হইবে না, যদি না উক্ত বাটখারা বা পরিমাপনের উপরে নির্ধারিত পদ্ধতিতে বর্ণনা চিহ্নিত থাকে ঃ

তবে শর্ত থাকে যে, যেক্ষেত্রে কোনো বাণিজ্যিক বাটখারা বা পরিমাপন বা ইহার যে কোনো শ্রেণী, সরকারের মতে অসঙ্গতিপূর্ণ হয়, সেইক্ষেত্রে সরকার, সরকারি *গেজেটে প্রজ্ঞাপন* দ্বারা, এইরূপ বাটখারা বা পরিমাপন অথবা উহার শ্রেণীকে অনুরূপ আবশ্যকতা হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবে।

৩১। **স্ট্যাম্পবিহীন বাণিজ্যিক বাটখারা ও অন্যান্য পরিমাপনের বিক্রয় নিষিদ্ধ**।—(১) কোনো বাণিজ্যিক বাটখারা বা পরিমাপন বা ওজন বা পরিমাপন যন্ত্র যে কোনো ব্যবসা বা বাণিজ্যিক বা ক্রয়-বিক্রয়ে ব্যবহারের জন্য বিক্রয়, সরবরাহ, ব্যবহৃত হইবে না বা অধিকারে রাখা যাইবে না, যদি না উক্ত বাটখারা বা পরিমাপন নির্ধারিত পদ্ধতিতে প্রতিপাদিত ও স্ট্যাম্পযুক্ত হইয়া থাকে:

তবে শর্ত থাকে যে, যেক্ষেত্রে কোনো বাণিজ্যিক বাটখারা বা পরিমাপন বা ইহার যে কোনো শ্রেণী, সরকারের মতে, সঙ্গতিপূর্ণ না হয়, সেইক্ষেত্রে সরকার, সরকারি *গেজেটে প্রজ্ঞাপন* দ্বারা, এইরূপ বাটখারা, পরিমাপন বা উহার শ্রেণীকে উক্ত আবশ্যকতা হইতে অব্যাহতি প্রদান করিতে পারিবে।

(২) যেক্ষেত্রে কোনো বাণিজ্যিক বাটখারা বা পরিমাপন বা ওজন বা পরিমাপন যন্ত্র—

(ক) কোনো ব্যবসায়ী বা ব্যবসায়ী কর্তৃক নিযুক্ত কোনো কর্মচারী বা প্রতিনিধির অধিকারে পাওয়া যায়, সেইক্ষেত্রে এইরূপ ব্যবসায়ী বা ব্যবসায়ী কর্তৃক নিযুক্ত ব্যক্তি বা প্রতিনিধিকে ব্যবসা বা বাণিজ্যের লেন-দেনে ব্যবহারের জন্য, ভিন্নতর প্রমাণ না হওয়া পর্যন্ত, তাহার অধিকারভুক্ত রহিয়াছে বলিয়া বিবেচনা করা হইবে; এবং

(খ) ব্যবসায়ীর পক্ষে অন্য কোনো ব্যবসায়ী বা প্রতিনিধি বা কোনো নিযুক্ত কর্মচারী কর্তৃক ব্যবহৃত বা অধিকারে রাখা হয়, সেইক্ষেত্রে এইরূপ ব্যবসায়ী যদি না তিনি প্রমাণ করিতে পারেন যে, ইহা তাহার সম্মতি ব্যতীত বা অজ্ঞাতসারে প্রতিনিধি বা কর্মচারী কর্তৃক ব্যবহৃত বা অধিকারভুক্ত ছিল।

## অংশ ৫

## অপরাধ ও বিচার

৩২। **মানদণ্ডহীন বাটখারা বা পরিমাপন ব্যবহারের শাস্তি**।—যে কেহ, এই অধ্যাদেশের অধীনে বা এই অধ্যাদেশ দ্বারা প্রতিষ্ঠিত, আদর্শ বাটখারা বা পরিমাপন বা, ক্ষেত্রমত, সংখ্যামান ব্যতীত, অন্য কোনো বাটখারা বা পরিমাপন বা সংখ্যামান ব্যবহার করিলে, তিনি অনূর্ধ্ব ছয় মাসের কারাদণ্ডে, অথবা অনূর্ধ্ব তিন হাজার টাকা অর্থদণ্ডে এবং, দ্বিতীয় ও পরবর্তী প্রতিটি অপরাধের অর্থদণ্ডসহ অনূর্ধ্ব দুই বৎসর কারাদণ্ডে দণ্ডিত হইবেন।

৩৩। **ধারা ৮(৪) লঙ্ঘনের শাস্তি**।—যে কেহ, সরকারের অনুমতিক্রমে, সম্পূর্ণভাবে রপ্তানির উদ্দেশ্যে তৈরি বা উৎপাদিত কোনো বাটখারা বা পরিমাপন ব্যতীত, এই অধ্যাদেশের অধীনে বা এই অধ্যাদেশ দ্বারা প্রতিষ্ঠিত আদর্শ বাটখারা বা পরিমাপন বা সংখ্যামান ব্যতীত, অন্য কোনো বাটখারা বা পরিমাপন তৈরি বা উৎপাদন করিলে, তিনি অনূর্ধ্ব এক বৎসরের কারাদণ্ডে, অথবা অনূর্ধ্ব দশ হাজার টাকা অর্থদণ্ডে, বা উভয়দণ্ডে, এবং, দ্বিতীয় ও পরবর্তী প্রতিটি অপরাধের অর্থদণ্ডসহ অনূর্ধ্ব তিন বৎসর কারাদণ্ডে দণ্ডিত হইবেন।

৩৪। **ধারা (৫) লঙ্ঘনের শাস্তি**।—যে কেহ, সরকারের অনুমতিক্রমে, সম্পূর্ণভাবে রপ্তানির উদ্দেশ্যে তৈরি বা উৎপাদিত কোনো বাটখারা বা পরিমাপন ব্যতীত, অন্য কোনো বাটখারা বা পরিমাপন তৈরি বা উৎপাদন করিলে, যাহার উপরিভাগে ওজন, পরিমাপন বা সংখ্যা খোদাই করা থাকে, যাহা এই অধ্যাদেশের অধীনে বা এই অধ্যাদেশ দ্বারা প্রতিষ্ঠিত আদর্শ বাটখারা বা পরিমাপনের অনুরূপ নহে, যাহা বাটখারা ও পরিমাপন সম্পর্কিত আপাতত বলবৎ অন্য কোন আইনের অধীনে শাস্তি যোগ্য নহে, তিনি অনূর্ধ্ব এক বৎসরের কারাদণ্ডে, অথবা অনূর্ধ্ব পাঁচ হাজার টাকা অর্থদণ্ডে, অথবা উভয়দণ্ডে, এবং, দ্বিতীয় বা পরবর্তী প্রতিটি অপরাধের জন্য অর্থদণ্ডসহ অনূর্ধ্ব তিন বৎসরের কারাদণ্ডে দণ্ডিত হইবেন।

৩৫। **ধারা ১০, ১১ এবং ১২ লঙ্ঘনের শাস্তি**।—যে কেহ, সত্যতা প্রতিপাদনের জন্য পরিলক্ষিত ত্রুটি সংশোধন ব্যতীত, অন্য কোনো উপায়ে নমুনা মানদণ্ড, দ্বিতীয় শ্রেণীর মানদণ্ড বা প্রচলিত মানদণ্ড পরিবর্তন বা পরিমিত করিলে, তিনি অনূর্ধ্ব দুই বৎসরের কারাদণ্ডে, অথবা অনূর্ধ্ব পাঁচ হাজার টাকা অর্থদণ্ডে, অথবা উভয়দণ্ডে দণ্ডিত হইবেন।

৩৬। **ধারা ১৬ লঙ্ঘনের শাস্তি**।—যে কেহ, ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তিকে তাহার ক্ষমতা প্রয়োগ বা তাহার কার্য সম্পাদনে বাধা প্রদান করিলে অথবা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তিকে তাহার ক্ষমতার ব্যবহারে বাধা বা ভয় প্রদর্শন করিয়া তাহার দায়িত্ব হইতে নিবৃত্ত করিতে চাহিলে অথবা তাহাকে আইনসম্মত ক্ষমতা প্রয়োগ বা কার্য সম্পাদনে বাধা প্রদান করিলে, তিনি অনূর্ধ্ব দুই বৎসরের কারাদণ্ডে, অথবা অনূর্ধ্ব পনের হাজার টাকা অর্থদণ্ডে, বা উভয়দণ্ডে, এবং দ্বিতীয় বা পরবর্তী প্রতিটি অপরাধের জন্য অর্থদণ্ডসহ অনূর্ধ্ব তিন বৎসরের কারাদণ্ডে দণ্ডিত হইবেন।

৩৭। **ধারা ১৯ লঙ্ঘনের জন্য শাস্তি**।—যে কেহ, যুক্তিসংগত কারণ ব্যতীত, এই অধ্যাদেশের অধীনে বা এই অধ্যাদেশ দ্বারা নির্দেশিত হইয়া, কোনো রেকর্ড বা নিবন্ধন বহি রক্ষণাবেক্ষণে ব্যর্থ বা অপারগ হইলে, অথবা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক নির্দেশিত হইয়া, কোনো যুক্তি সঙ্গত কারণ ব্যতীত,

কোনো রেকর্ড বা নিবন্ধন বহি উপস্থাপনে ব্যর্থ বা অপারগ হইলে, তিনি অনূর্ধ্ব পাঁচ হাজার টাকা অর্থদণ্ডে, এবং, দ্বিতীয় বা পরবর্তী প্রতিটি অপরাধের জন্য অর্থদণ্ডসহ অনূর্ধ্ব ছয় মাসের কারাদণ্ডে দণ্ডিত হইবেন।

৩৮। **ধারা ২০ লঙ্ঘনের শাস্তি**।—যে কেহ, কোনো বাটখারা বা পরিমাপনের নমুনা অনুমোদনের জন্য ধারা ২০ দ্বারা নির্দেশিত হইয়া, কোনো যুক্তিসঙ্গত কারণ ব্যতীত, সমর্পণ করিতে ব্যর্থ হইলে বা অপারগ হইলে, তিনি অনূর্ধ্ব পাঁচ হাজার টাকা অর্থদণ্ডে, এবং, দ্বিতীয় বা পরবর্তী প্রতিটি অপরাধের জন্য অর্থদণ্ডসহ অনূর্ধ্ব তিন বৎসরের কারাদণ্ডে দণ্ডিত হইবেন।

৩৯। **নমুনা অনুমোদন ব্যতিরেকে বাটখারা ও পরিমাপন উৎপাদনের শাস্তি**।—(১) যে কেহ, বাটখারা বা পরিমাপন বিক্রয়, বিতরণ, সরবরাহের জন্য তৈরি বা উৎপাদন করিলে, অথবা বিক্রয় বা ব্যবসা বা বাণিজ্যের উদ্দেশ্যে হস্তান্তর করিলে, তিনি, ধারা ২০ এর অধীনে এইরূপ বাটখারা বা পরিমাপন সম্পর্কিত নমুনা অনুমোদনের সার্টিফিকেট মঞ্জুর করা না হইলে, অর্থদণ্ডসহ অনূর্ধ্ব দুই বৎসরের কারাদণ্ডে, এবং দ্বিতীয় বা পরবর্তী প্রতিটি অপরাধের জন্য অর্থদণ্ডসহ অনূর্ধ্ব তিন বৎসরের কারাদণ্ডে দণ্ডিত হইবেন।

(২) যে কেহ, কোনো যুক্তিসঙ্গত কারণ ব্যতীত, ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির সুপারিশ বা অনুমোদন বহির্ভূত বস্তুদ্বারা অনুমোদিত নমুনা অনুসারে কোনো বাটখারা বা পরিমাপন তৈরি বা উৎপাদন করিলে, তিনি অনূর্ধ্ব অর্থদণ্ডসহ তিন বৎসরের কারাদণ্ডে দণ্ডিত হইবেন।

৪০। **ধারা ২২ লঙ্ঘনের শাস্তি**।—যে কেহ, ধারা ২২ এর আবশ্যকীয় শর্তাবলী অনুসরণ ব্যতীত, কোনো বাটখারা বা পরিমাপন তৈরি বা উৎপাদন করিলে, তিনি অনূর্ধ্ব দশ হাজার টাকা অর্থদণ্ডে, এবং দ্বিতীয় বা পরবর্তী প্রতিটি অপরাধের জন্য অর্থদণ্ডসহ অনূর্ধ্ব তিন বৎসরের কারাদণ্ডে দণ্ডিত হইবেন।

৪১। **ধারা ২৩ লঙ্ঘনের শাস্তি**।—যে কেহ, ব্যবসা বা বাণিজ্যের স্বাভাবিক নিয়মে, মোড়কজাত আকারে যে কোনো পণ্য বিক্রয়, পরিবেশন, সরবরাহ বা হস্তান্তর করেন অথবা পরিবেশন বা সরবরাহের ব্যবস্থা করিলে, যাহা এই অধ্যাদেশের অধীনে বা এই অধ্যাদেশ দ্বারা প্রতিষ্ঠিত আদর্শ বাটখারা বা পরিমাপনের অনুরূপ নহে, তিনি অনূর্ধ্ব পাঁচ হাজার টাকা অর্থদণ্ডে, এবং, দ্বিতীয় বা পরবর্তী প্রতিটি অপরাধের জন্য অর্থদণ্ডসহ অনূর্ধ্ব তিন বৎসরের কারাদণ্ডে দণ্ডিত হইবেন।

৪২। **ধারা ২৪ লঙ্ঘনের শাস্তি**।—যে কেহ, এই অধ্যাদেশের অধীনে নিবন্ধন ব্যতীত, কোনো বাটখারা বা পরিমাপন রপ্তানি বা আমদানি করিলে, তিনি অনূর্ধ্ব পাঁচ হাজার টাকা অর্থদণ্ডে, এবং, দ্বিতীয় বা পরবর্তী প্রতিটি অপরাধের জন্য অর্থদণ্ডসহ অনূর্ধ্ব ছয় মাসের কারাদণ্ডে দণ্ডিত হইবেন।

৪৩। **ধারা ২৫ লঙ্ঘনের শাস্তি**।—প্রত্যেক ব্যক্তি যিনি মোড়কজাত আকারে, কোনো বাটখারা বা পরিমাপন বা পণ্যদ্রব্য রপ্তানি করেন, যাহা এই অধ্যাদেশের অধীনে বা এই অধ্যাদেশ দ্বারা প্রতিষ্ঠিত আদর্শ বাটখারা বা পরিমাপনের অনুরূপ নহে, তিনি, সরকারের পূর্ব অনুমোদনক্রমে এইরূপ রপ্তানি করা হইয়া থাকিলে তদ্‌ব্যতীত, অনূর্ধ্ব পাঁচ হাজার টাকা অর্থদন্ডে, এবং দ্বিতীয় বা পরবর্তী প্রতিটি অপরাধের জন্য অর্থদণ্ডসহ অনূর্ধ্ব তিন বৎসরের কারাদণ্ডে দণ্ডিত হইবেন।

৪৪। **ধারা ২৬ লঙ্ঘনের শাস্তি**।—যে কেহ, যুক্তিসঙ্গত কারণ ব্যতীত, ধারা ২৬ এর বিধানাবলী লঙ্ঘন করিলে, তিনি অর্থদণ্ডসহ অনূর্ধ্ব দশ হাজার টাকা অর্থদণ্ডে, এবং, দ্বিতীয় বা পরবর্তী প্রতিটি অপরাধের জন্য অর্থদণ্ডসহ অনূর্ধ্ব তিন বৎসরের কারাদণ্ডে দণ্ডিত হইবেন।

৪৫। **ধারা ২৮ লঙ্ঘনের শাস্তি**।—যে কেহ, ব্যবসা বা বাণিজ্যের কার্যক্রম চলাকালীন,—

(অ) যে কোনো পরিমাণের বা সংখ্যার কোনো বস্তু বা জিনিস বিক্রয় সরবরাহ বা বিক্রয় বা সরবরাহের ব্যবস্থা করিলে, যাহা চুক্তি বা অর্থ পরিশোধের বিনিময়ে প্রাপ্য পরিমাণ বা সংখ্যা হইতে কম হয়; বা

(আ) বাটখারা বা পরিমাপন বা সংখ্যামান দ্বারা কোনো সেবা প্রদান করিলে, যাহা চুক্তি বা অর্থ পরিশোধের বিনিময়ে সেবার তুলনায় কম হয়; বা

(ই) কোনো বস্তু বা জিনিস, কোনো পরিমাণ বা সংখ্যার পণ্যচুক্তি বা পরিশোধিত মূল্যের তুলনায় অতিরিক্ত পরিমাণ বা সংখ্যা দাবী বা দাবীর ব্যবস্থা করিলে, অথবা গ্রহণ বা গ্রহণের ব্যবস্থা করিলে; বা

(ঈ) চুক্তি বা পরিশোধিত মূল্যের সেবার তুলনায় অতিরিক্ত সেবা লাভ করিলে;

তিনি অনূর্ধ্ব দশ হাজার টাকা অর্থদণ্ডে, এবং দ্বিতীয় বা পরবর্তী প্রতিটি অপরাধের জন্য অর্থদণ্ডসহ অনূর্ধ্ব তিন বৎসরের কারাদণ্ডে দণ্ডিত হইবেন।

৪৬। **ধারা ৩১ এবং ৫৮ লঙ্ঘনের শাস্তি**।—যে কেহ, ব্যবসা বা বাণিজ্যের কার্যক্রম চলাকালীন, ধারা ৩১ বা ৫৮ এর বিধানাবলী লঙ্ঘন করিলে, তিনি অনূর্ধ্ব পাঁচ হাজার টাকা অর্থদণ্ডে, এবং দ্বিতীয় বা পরবর্তী প্রতিটি অপরাধের জন্য অর্থদণ্ডসহ তিনি বৎসরের কারাদণ্ডে দণ্ডিত হইবেন।

৪৬ক। **সীলমোহর জালকরণের শাস্তি, ইত্যাদি**।—যে কেহ —

(ক) কোনো সীলমোহর অথবা স্ট্যাম্প জাল করিলে; বা

(খ) জাল সীলমোহর অধিকারে রাখিলে, বিক্রয় বা অন্য কোনোভাবে হস্তান্তর করিলে; বা

(গ) যে কোনো স্ট্যাম্প সরাইয়া ফেলিলে বা বিকৃত করিলে; বা

(ঘ) যে কোনো স্ট্যাম্প সরাইয়া ফেলিলে এবং অন্য কোনো বাটখারা বা পরিমাপনের উপরে আঁটিয়া বা ঢুকাইয়া দিলে; বা

(ঙ) কোনো ব্যক্তিকে প্রতারিত করিবার উদ্দেশ্যে বা প্রতারিত হইতে পারে এইরূপ বিশ্বাসে কোন বাটখারা বা পরিমাপন বৃদ্ধি বা হ্রাস বা পরিবর্তন করিলে;

তিনি অন্যূন ছয় মাস এবং অনূর্ধ্ব দুই বৎসরের কারাদণ্ডে, এবং, দ্বিতীয় বা পরবর্তী প্রতিটি অপরাধের জন্য অন্যূন এক বৎসরের এবং অনূর্ধ্ব পাঁচ বৎসরের কারাদণ্ডে দণ্ডিত হইবেন।

৪৭। **যেক্ষেত্রে শাস্তির বিধান নির্দিষ্ট করে দেওয়া হয় নাই**।—যে কেহ, এই অধ্যাদেশের কোনো বিধান লঙ্ঘন করিলে, যাহা লংঘনের জন্য এই অধ্যাদেশের অন্যত্র পৃথকভাবে শাস্তির বিধান রাখা হয় নাই, তিনি অনূর্ধ্ব পাঁচ হাজার টাকা অর্থদণ্ডে দণ্ডিত হইবেন।

৪৮। **কতিপয় ক্ষেত্রে অনুমান গৃহীত হওয়া**।—(১) যদি কোনো ব্যক্তি, ব্যবসা বা বাণিজ্যের কার্যক্রম চলাকালীন, কোনো প্রতারণামূলক বা অপ্রতিপাদিত বাটখারা বা পরিমাপন ব্যবহার করেন বা ব্যবহারের ব্যবস্থা করেন, অথবা বিক্রয়, পরিবেশন, সরবরাহ বা অন্য কোনোভাবে হস্তান্তর করেন অথবা বিক্রয়, পরিবেশন, সরবরাহ বা হস্তান্তরের ব্যবস্থা করেন, বিপরীতে প্রমাণিত না হওয়া পর্যন্ত, ইহা অনুমান করা হইবে যে, উক্ত প্রতারণামূলক বা অপ্রতিপাদিত বাটখারা বা পরিমাপন তাহার জ্ঞাতসারে ব্যবহৃত হইয়াছিল।

(২) যদি কোনো ব্যক্তি, কোনো প্রতারণামূলক বা অপ্রতিপাদিত বাটখারা বা পরিমাপন তৈরি বা উৎপাদন করেন বা তাহার অধিকারে রাখেন অথবা হেফাজতে বা নিয়ন্ত্রণ রাখেন, তাহা হইলে, বিপরীত প্রমাণিত না হওয়া পর্যন্ত, অনুমান করা হইবে যে, এইরূপ বাটখারা বা পরিমাপন ব্যবসা বা বাণিজ্যের কার্যক্রমে ব্যবহার বা ব্যবহারের উদ্দেশ্যে প্রতারণামূলক ও অপ্রতিপাদিত বাটখারা বা পরিমাপন জ্ঞাতসারে এইরূপ ব্যক্তি কর্তৃক জ্ঞাতসারে তৈরি বা উৎপাদিত, অধিকারভুক্ত বা নিয়ন্ত্রণাধীন ছিল।

৪৯। **কর্মকর্তার ছদ্মবেশ গ্রহণের শাস্তি**।—যে কেহ, কোনোভাবে পরিচালক বা ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির ছদ্মবেশ গ্রহণ করিলে, তিনি অনূর্ধ্ব তিন বৎসরের কারাদণ্ডে দণ্ডিত হইবেন।

৫০। **প্রতারণামূলক তথ্য বা বিবরণ প্রদানের শাস্তি**।—(১) যে কেহ, তাহার দায়িত্ব সম্পাদনকালে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি কর্তৃক দাবি করা হইলে, মিথ্যা জানিয়া বা মিথ্যা হইতে পারে বিশ্বাস করিয়া, কোনো প্রতারণামূলক তথ্য প্রদান করিলে, তিনি অনূর্ধ্ব ছয় মাসের কারাদণ্ডে, অথবা অনূর্ধ্ব পাঁচ হাজার টাকা অর্থদণ্ডে, অথবা উভয়দণ্ডে দণ্ডিত হইবেন।

(২) যে কেহ এই অধ্যাদেশ দ্বারা বা এই অধ্যাদেশের অধীন কোনো প্রতারণামূলক বিবরণ পেশ করিলে, তিনি অনূর্ধ্ব পাঁচ হাজার টাকা অর্থদণ্ডে, এবং, দ্বিতীয় বা পরবর্তী প্রতিটি অপরাধের জন্য অর্থদণ্ডসহ অনূর্ধ্ব এক বৎসরের কারাদণ্ডে দণ্ডিত হইবেন।

৫১। **বিরক্তকর কার্যাবলী**।—(১) যদি ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি যুক্তিসঙ্গত ভিত্তি নাই জানা সত্ত্বেও —

(ক) গৃহ, যান-বাহন বা কোনো স্থানে তল্লাশি করেন অথবা তল্লাশির ব্যবস্থা করেন, বা

(খ) যে কোনো ব্যক্তিকে তল্লাশি করেন, বা

(গ) যে কোনো বাটখারা বা পরিমাপন বা অন্যান্য অস্থাবর সম্পদ বাজেয়াপ্ত করেন,

তাহা হইলে তিনি এইরূপ প্রতিটি অপরাধের জন্য অনূর্ধ্ব এক বৎসরের কারাদণ্ডে, অথবা অনধিক দুই হাজার টাকা অর্থদণ্ডে, অথবা উভয়দণ্ডে দণ্ডিত হইবেন।

(২) যদি একজন পরিদর্শক —

(ক) ধারা ১৬ এর অধীন স্বেচ্ছায় কোনো বাটখারা বা পরিমাপনের সত্যতা প্রতিপালন করেন, বা

(খ) এইরূপ কোনো বাটখারা বা পরিমাপনের উপরিভাগের কোনো স্ট্যাম্প স্বেচ্ছায় নিশ্চিন্ন করেন,

তাহা হইলে তিনি এইরূপ প্রতিটি অপরাধের জন্য অনূর্ধ্ব এক বৎসরের কারাদণ্ডে, অথবা অনধিক দুই হাজার টাকা অর্থদণ্ডে, অথবা উভয়দণ্ডে দণ্ডিত হইবেন।

৫২। **অপরাধ বিচারার্থ গ্রহণ**।— ফৌজদারী কার্যবিধি, ১৮৯৮ (১৮৯৮ এর ৫নং আইন) এ যাহা কিছুই থাকুক না কেন, —

(ক) এতদুদ্দেশ্যে ইনস্টিটিউশন কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির লিখিত অভিযোগ ব্যতীত, কোনো আদালত এই অধ্যাদেশের অধীনে কোনো দণ্ডনীয় অপরাধ বিচারার্থ গ্রহণ করিবেন না;

(খ) মেট্রোপলিটন আদালত বা একজন প্রথম শ্রেণীর আদালতের নিম্নতর কোনো আদালত এই অধ্যাদেশের অধীনে কোনো অপরাধের বিচার করিবেন না;

(গ) ধারা ৩২, ৩৩, ৩৪, ৩৭, ৩৯, ৪০, ৪২, ৪৩, ৪৪ বা ৪৬, ৪৬ক এর অধীনে শাস্তি যোগ্য অপরাধ সংক্ষেপে বিচার করা যাইবে এবং অপরাধে দোষী সাব্যস্ত হইলে কারাদণ্ড প্রদান করা যাইবে যাহা এই ধারার অধীনে সংক্ষেপে বিচার হইলে এক বৎসরের বেশি হইবে না।

৫৩। **বিভিন্ন অপরাধের মীমাংসা**।—(১) ধারা ৩২, ধারা ৩৭, ধারা ৩৮, ধারা ৩৯, ধারা ৪১, ধারা ৪২, ধারা ৪৩, ধারা ৪৪, ধারা ৪৫, ধারা ৪৬ এবং ধারা ৪৬ক বা ধারা ৪৭ এর অধীন দণ্ডনীয় কোনো অপরাধের অভিযোগ গঠনের পূর্বে বা পরে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তি বা এতদুদ্দেশ্যে ইনস্টিটিউশন কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত অন্য কোনো কর্মকর্তা দ্বারা নির্ধারিত পরিমাণ অর্থ ইনস্টিটিউটের বরাবরে পরিশোধপূর্বক মীমাংসিত হইতে পারে ঃ

তবে শর্ত থাকে যে, এইরূপ অর্থদণ্ড, কোনো অবস্থাতেই এইরূপ অপরাধ মীমাংসার জন্য এই অধ্যাদেশের অধীন আরোপযোগ্য সর্বোচ্চ অর্থদণ্ডের পরিমাণকে অতিক্রম করিবে না।

(২) যেক্ষেত্রে উপ-ধারা (১) এর কোনো কিছুই এইরূপ কোনো ব্যক্তির প্রতি প্রয়োগ করা হইবে না, যিনি তাহার দ্বারা সংঘটিত প্রথম অপরাধ মীমাংসা হইবার তারিখ হইতে তিন বৎসরের মধ্যে একই বা সদৃশ অপরাধ সংঘটিত করেন।

**ব্যাখ্যা**।—এই ধারার উদ্দেশ্য পূরণকল্পে, দ্বিতীয় বা পরবর্তী কোনো অপরাধ পূর্বে মীমাংসা হওয়ার তারিখ হইতে তিন বৎসর অতিক্রান্ত হওয়ার পরে মীমাংসিত হইলে উহা প্রথম অপরাধ হিসাবে বিবেচিত হইবে।

(৩) যেক্ষেত্রে উপ-ধারা (১) এর অধীন কোনো অপরাধ মীমাংসা করা হইয়াছে, সেইক্ষেত্রে এইরূপ মীমাংসিত অপরাধ সম্বন্ধে অপরাধীর বিরুদ্ধে কোনো কার্যক্রম বা পরবর্তী ব্যবস্থা গ্রহণ করা হইবে না এবং অপরাধী হেফাজতে থাকিলে তাহাকে অবিলম্বে অভিযোগ হইতে খালাস প্রদান করা হইবে।

(৪) এই অধ্যাদেশের অধীন কোনো অপরাধ এই ধারার অধীন প্রণীত বিধান ব্যতীত মীমাংসা হইবে না।

৫৩ক। **ব্যয় বহন**।—এই অধ্যাদেশের অধীন যে কোনো কার্যক্রমের ক্ষেত্রে, যদি আদালত এই অধ্যাদেশে উল্লিখিত দণ্ড আরোপ করেন, তাহা হইলে আদালত দণ্ডপ্রাপ্ত ব্যক্তিকে তদকর্তৃক নির্ধারিত ব্যয় (এই অধ্যাদেশের অধীন গৃহীত যে কোনো বিশ্লেষণ বা পরীক্ষার ব্যয়সহ) ইনস্টিটিউশন বরাবরে প্রদানের নির্দেশ প্রদান করিবেন এবং এইরূপ অর্থ উক্ত ব্যক্তির নিকট হইতে এইরূপে আদায় করা হইবে যেন উক্ত অর্থদণ্ড এই অধ্যাদেশের অধীন আরোপ করা হইয়াছে।

৫৪। **কোম্পানী কর্তৃক সংঘটিত অপরাধ এবং উহার বিরুদ্ধে ব্যবস্থা**।—(১) এই অধ্যাদেশের অধীন কোনো অপরাধ কোনো কোম্পানী কর্তৃক সংঘটিত হইলে, অপরাধ সংঘটনের সময়ে উক্ত কোম্পানীর ব্যবসা পরিচালনার জন্য কোম্পানীর দায়িত্বে ছিলেন এবং কোম্পানীর নিকট দায়ী ছিলেন এইরূপ প্রত্যেক ব্যক্তি এবং অধিকন্তু উক্ত কোম্পানী উক্তরূপ অপরাধের জন্য দোষী বলিয়া গণ হইবে এবং তাহারা তাহাদের বিরুদ্ধে আইনগত কার্যক্রম গ্রহণের জন্য দায়ী এবং সেইমতে দণ্ডপ্রাপ্ত হইবেন ঃ

তবে শর্ত থাকে যে, এই উপ-ধারার কোন কিছুই কোনো ব্যক্তিকে কোন শাস্তির জন্য দায়ী করিবে না, যদি তিনি প্রমাণ করেন যে, উক্ত অপরাধ তাহার অজ্ঞাতসারে সংঘটিত হইয়াছিল অথবা তিনি উক্ত অপরাধ সংঘটনরোধ করিবার জন্য যথাসম্ভব চেষ্টা করিয়াছিলেন।

(২) উপ-ধারা (১) এ যাহা কিছুই থাকুক না কেন, এই আইনের অধীন কোনো অপরাধ যদি কোনো কোম্পানী কর্তৃক সংঘটিত হয় এবং প্রমাণিত হয় যে, উক্ত অপরাধ, উক্ত কোম্পানীর কোন পরিচালক, ব্যবস্থাপক, সচিব বা অন্যান্য কর্মকর্তার সম্মতিতে বা যোগসাজসে বা অবহেলার জন্য সংঘটিত হইয়াছে, তাহা হইলে উক্ত পরিচালক, ব্যবস্থাপক, সচিব বা অন্যান্য কর্মকর্তাও উক্ত অপরাধের জন্য দোষী বলিয়া গণ্য হইবেন এবং তাহারা তাহাদের বিরুদ্ধে আইনগত কার্যক্রম গ্রহণের জন্য দায়ী, এবং সেইমতে দণ্ডপ্রাপ্ত হইবেন।

**ব্যাখ্যা**—এই ধারার উদ্দেশ্য পূরণকল্পে,—

(ক) **"কোম্পানী"** অর্থে যে কোনো ব্যক্তি সংবিধিবদ্ধ সংস্থা এবং যে কোনো ব্যবসা প্রতিষ্ঠান বা অন্যান্য ব্যক্তিশ্রেণীর সমিতিও অন্তর্ভুক্ত হইবে; এবং

(খ) ব্যবসা প্রতিষ্ঠানের ক্ষেত্রে **"পরিচালক"** অর্থে উহার অংশীদারও অন্তর্ভুক্ত হইবে।

৫৫। **এই অধ্যাদেশের অধীনে সংঘটিত অপরাধের ক্ষেত্রে দণ্ডবিধির বিধানাবলী প্রযোজ্য না হওয়া।**—এই অধ্যাদেশের অধীন বাটখারা বা পরিমাপন সংক্রান্ত দণ্ডনীয় অপরাধসমূহের ক্ষেত্রে, যতদূর সম্ভব, দণ্ডবিধি, ১৮৬০ (১৮৬০ সনের ৪৫ নং আইন) এর বিধানাবলী প্রযোজ্য হইবে না।

## অংশ ৬
## বিবিধ

৫৬। **জরিপ ও পরিসংখ্যান।**—এই অধ্যাদেশের অধীন বা অধ্যাদেশের দ্বারা প্রতিষ্ঠিত আদর্শ বাটখারা, পরিমাপন বা সংখ্যামান যে কোনো এলাকায় বাস্তবায়ন নিশ্চিতকরণের উদ্দেশ্যে অথবা যে কোনো শ্রেণীর শিল্প উদ্যোগ, ব্যবহারকারী বা পণ্যের প্রসার নিশ্চিতকরণের উদ্দেশ্যে, সরকার যেরূপ প্রয়োজন মনে করিবে সেইরূপে জরিপ করিবে বা জরিপের ব্যবস্থা গ্রহণ করিবে এবং পরিসংখ্যান সংগ্রহ করিবে বা সংগ্রহের ব্যবস্থা করিবে এবং বাটখারা, পরিমাপন ব্যবহারকারী প্রত্যেক ব্যক্তির কর্তব্য হইবে এইরূপ জরিপ সম্পন্নকারী বা পরিসংখ্যান সংগ্রহকারী ব্যক্তিকে প্রয়োজন অনুসারে সহায়তা প্রদান করা।

৫৭। **ক্ষমতা অর্পণ।**—সরকার, সরকারি *গেজেটে প্রজ্ঞাপন* দ্বারা, এই মর্মে নির্দেশ প্রদান করিতে পারিবে যে, এই অধ্যাদেশের দ্বারা বা এই অধ্যাদেশের অধীন প্রণীত বিধিমালার অধীন, প্রজ্ঞাপনে উল্লিখিত নির্দেশনা অনুসারে, প্রদত্ত ক্ষমতা নির্ধারিত কর্তৃপক্ষ বা ব্যক্তিকে অর্পণ করিতে পারিবে।

৫৮। **বাটখারা বা পরিমাপন বা সংখ্যামান আদর্শ এককের পরিভাষা ব্যতীত, ভিন্নভাবে বিজ্ঞাপিত মূল্য, ইত্যাদি নিষিদ্ধ।**—যে কোনো দ্রব্য, বস্তু বা সেবা সম্পর্কে যে কোন ব্যক্তি—

(ক) মুখের ভাষায় বা ভিন্নভাবে কোনো মূল্য বা চার্জ ঘোষণা বা উদ্ধৃত করিবেন না, বা

(খ) কোন মূল্য তালিকা, চালান, ক্যাশ মেমো বা অন্য কোনো দলিল ইস্যু বা প্রদর্শন করিবেন না, বা

(গ) কোন বিজ্ঞাপন, পোস্টার বা অন্য কোনো দলিল তৈরি বা প্রকাশ করিবেন না, বা

(ঘ) কোন মোড়কের অভ্যন্তরস্থ বস্তুর পরিমাণ ইহার উপরিভাগে বা কোনো লেবেল, কার্টুন বা অন্য জিনিসের উপরিভাগে নির্দেশ করিবে না, বা

(ঙ) কোন ধারণপাত্রের উপরে ধারণ ক্ষমতার পরিমাণ নির্দেশ করিবে না, বা

(চ) বাটখারা বা পরিমাপন বা সংখ্যামানের আদর্শ একক ব্যতীত অন্য কোনো পরিমাণ বা মাত্রা প্রকাশ করিবেন না।

৫৯। **আদর্শ বাটখারা, পরিমাপন বা সংখ্যামানের বিপরীত প্রথা, রীতিনীতি, ইত্যাদি বাতিল হইবে।**—কোনো প্রথা, রীতিনীতি, প্রচলিত রীতি বা কোনো ধরণের পদ্ধতি, চুক্তি বা সমঝোতায় নির্দেশিত পরিমাণ দ্রব্য, বস্তু বা সেবা তুলনামূলক কম বা বেশী পরিমাণ একজন ব্যক্তিকে দাবী গ্রহণ, বা দাবী করিবার বা গ্রহণের সুযোগ করিয়া দেয়, উক্তরূপ পণ্য, বস্তু বা সেবা সংক্রান্ত প্রথা, রীতিনীতি বা প্রচলিত রীতি বাতিল হইবে।

৬০। **মেট্রিক পদ্ধতি নহে, এইরূপ বাটখারা বা পরিমাপন কোনো দলিলে উল্লিখিত না হওয়া।**—(১) এই অধ্যাদেশ প্রবর্তিত হওয়ার পরে, বাটখারা বা পরিমাপন বা সংখ্যামানের আদর্শ একক ব্যতীত, অন্য কোনো এককের বাটখারা বা পরিমাপন বা সংখ্যামানের পরিভাষা কোনো বিধিবদ্ধ আইন, প্রজ্ঞাপন, বিধি, আদেশ, চুক্তি বা অন্য কোনো দলিলে উল্লিখিত হইবে না।

(২) এই অধ্যাদেশ প্রবর্তনের তারিখে বা তারিখ হইতে আদর্শ বাটখারা বা পরিমাপন বা সংখ্যামান ব্যতীত, কোনো বাটখারা বা পরিমাপন বা সংখ্যামান জাতীয় বা আন্তর্জাতিক ব্যবসা বা বাণিজ্য বিষয়ক কোনো চুক্তি বা সমঝোতায় ব্যবহৃত হইবে না ঃ

তবে শর্ত থাকে যে, রপ্তানিমুখী পণ্যের আমদানিকারক যদি প্রয়োজন মনে করেন বাটখারা, পরিমাপন বা সংখ্যামানের আদর্শ এককের সহিত অন্য কোনো পদ্ধতির বাটখারা, পরিমাপন বা সংখ্যামান এইরূপ পণ্যের উপরে বা যে কোনো চুক্তিতে নির্দেশিত হইতে পারে।

(৩) উপ-ধারা (২) এর বিধান লঙ্ঘনপূর্বক সম্পাদিত যে কোনো চুক্তি বা সমঝোতা বাতিল হইবে।

(৪) এই অধ্যাদেশের অধীনে বা এই অধ্যাদেশ দ্বারা প্রতিষ্ঠিত আদর্শ বাটখারা বা পরিমাপন বা সংখ্যামানের আদর্শ একক ব্যতীত, কোনো পরিমাপনের ফলাফলের লিখিত রেকর্ড অন্য কোনো এককে সংরক্ষিত হইবে না।

৬১। **প্রশিক্ষণ কেন্দ্র**।—(১) সরকার বৈজ্ঞানিক, কারিগরি, আইন সংক্রান্ত প্রশিক্ষণ এবং প্রশাসনিক বিষয়াদির জন্য, পরিমাপন প্রশিক্ষণ কেন্দ্র নামে (অতপরঃ **"কেন্দ্র"** নামে অভিহিত), একটি কেন্দ্র প্রতিষ্ঠা করিতে পারিবে।

(২) কেন্দ্র বিষয়ক ব্যবস্থাপনা ও নিয়ন্ত্রণের বিষয়াদি সরকার যেরূপ নির্দেশ প্রদান করিবে সেইরূপ ব্যক্তি বা কর্তৃপক্ষের নিকট অর্পিত হইবে।

(৩) সরকার, দক্ষতার সহিত কার্য সম্পাদনের জন্য, যেরূপ উপযুক্ত মনে করিবে সেইরূপ সংখ্যক শিক্ষক, অন্যান্য কর্মচারী এবং প্রয়োজনীয় সরঞ্জাম ও সুযোগ-সুবিধা প্রদান করিবে।

(৪) প্রশিক্ষণের কোর্স, পাঠ্যসূচী ও প্রশিক্ষণের মেয়াদ, সময় সময়, সরকার কর্তৃক নির্ধারিত হইবে।

(৫) সরকার, কেন্দ্রে প্রশিক্ষণ গ্রহণের জন্য ভর্তিচ্ছুক ব্যক্তির সর্বনিম্ন যোগ্যতা এবং কেন্দ্রে প্রদেয় প্রশিক্ষণ ও বিভিন্ন কোর্সের জন্য বিভিন্ন নির্দেশনা নির্ধারণ করিবে।

(৬) কেন্দ্রে প্রশিক্ষণ গ্রহণের জন্য সরকার বা যে কোনো করপোরেশন বা বেসরকারি সংস্থা পরিদর্শক পদমর্যাদার কর্মচারীগণের একটি ব্যাচ প্রেরণ করিতে পারিবে এবং সরকার, উপযুক্ত মনে করিলে, অন্যান্য ব্যক্তির জন্যও কেন্দ্রে প্রশিক্ষণ গ্রহণের ব্যবস্থা করিতে পারিবে।

(৭) যেক্ষেত্রে সরকারের নিকট প্রতীয়মান হয় যে, কেন্দ্রে প্রশিক্ষণ প্রদানের অতিরিক্ত হিসাবে পরিদর্শকের পদমর্যাদার নিম্নে নহে এইরূপ কর্মচারীকে বিশেষজ্ঞ হওয়ার প্রশিক্ষণ প্রদান করা প্রয়োজন যাহা কেন্দ্রে প্রদান করা হয় না, সেইক্ষেত্রে সরকার উপযুক্ত মনে করিলে, দেশের ভিতরে বা বাহিরে অন্যস্থানে বিশেষজ্ঞ হওয়ার প্রশিক্ষণ গ্রহণের জন্য বিশারদ ব্যক্তির নিকট বা প্রতিষ্ঠানে প্রেরণ করিতে পারিবে।

৬২। **আপীল**।—(১) উপ-ধারা (২) এর বিধান সাপেক্ষে, ধারা ১৬ বা ধারা ২০ এর অধীন প্রদত্ত আদেশ দ্বারা, সংক্ষুব্ধ ব্যক্তি আদেশের বিরুদ্ধে আপীল দায়ের করিতে পারিবে।

(২) এইরূপ প্রতিটি আপীল আদেশ প্রদানের তারিখ হইতে ৬০ দিনের মধ্যে দায়ের করিতে হইবে ঃ

তবে শর্ত থাকে যে, যদি আপীল কর্তৃপক্ষ এই মর্মে সন্তুষ্ট হয় যে, আপীলকারী উল্লিখিত ৬০ দিনের মধ্যে আপীল দায়ের করিতে যুক্তিসংগত কারণে বাধাগ্রস্ত হইয়াছিলেন, তাহা হইলে ক্ষমতাপ্রাপ্ত কর্তৃপক্ষ পরবর্তী ৬০ দিনের মধ্যে আপীল দায়েরের জন্য আপীলকারীকে অনুমতি প্রদান করিবে।

(৩) এইরূপ আপীল প্রাপ্তির পর, আপীল কর্তৃপক্ষ আপীলের পক্ষগণকে শুনানীর যুক্তিসংগত সুযোগ প্রদানের পর, যেইরূপ উপযুক্ত মনে করিবে সেইরূপ আদেশ প্রদান করিবে, আদেশ চূড়ান্ত করিবে, পরিবর্তন করিবে অথবা বাতিল করিবে অথবা, প্রয়োজনবোধে, অধিকতর সাক্ষ্য-প্রমাণ গ্রহণের পর একটা নূতন আদেশের জন্য, নির্দেশনাসহ, উহা ফেরত পাঠাইতে পারিবেন।

(৪) প্রতিটি আপীল নির্ধারিত ফিস, অনধিক পঁচিশ টাকা, পরিশোধপূর্বক দায়ের করিতে হইবে।

(৫) সরকার, স্বতঃপ্রণোদিত হইয়া বা অন্যভাবে সিদ্ধান্তের যথার্থতা বা বৈধতা,শুদ্ধতা সংক্রান্ত সন্তুষ্টির জন্য কোনো কার্য বিবরণীর রেকর্ড পরীক্ষা করিতে পারিবে (আপীলের কার্যবিবরণীসহ) যে বিষয়ে কোনো সিদ্ধান্ত বা আদেশে প্রদান করা হইয়াছে উহা তলব করিতে এবং পরীক্ষা করিতে পারিবে ঃ

তবে শর্ত থাকে যে, এই উপ-ধারার কোনো সিদ্ধান্ত বা আদেশ অধীন পরিবর্তিত হইবে না, যদি না সংক্ষুব্ধ ব্যক্তিকে কারণ দর্শানোর একটা যুক্তিসঙ্গত সুযোগ প্রদান করা হয়।

৬৩। **ফিস নির্ধারণ।**—(১) সরকার, ধারা ৬৪ এর অধীন প্রণীত বিধি দ্বারা, নিম্নবর্ণিত বিষয়ে ফিস নির্ধারণ করিতে পারিবে,—

(ক) কোন ব্যবসা বা বাণিজ্যের সময় ক্রয়, বিক্রয়, পরিবেশন বা সরবরাহের জন্য তৈরি বা উৎপাদন যে কোনো বাটখারা বা পরিমাপনের মডেল অনুমোদন;

(খ) টেস্ট বাটখারা, ভার, কাউন্টার বাটখারা, ইত্যাদি এবং বাণিজ্যিক, শিল্প বা বৈজ্ঞানিক ক্যাটাগরীর বাটখারা, পরিমাপন, ওজন বা পরিমাপন যন্ত্রের সত্যতা প্রতিপাদন ও সীলমোহর প্রদান;

(গ) প্রচলিত ক্যাটাগরীর এবং দ্বিতীয় শ্রেণীর এক সেট বাটখারা বা পরিমাপনের প্রতিপাদন ও সীলমোহর প্রদান;

(ঘ) গোপন প্রকৃতির নহে এইরূপ যে কোন দলিলের অনুলিপি অনুমোদন;

(ঙ) বাটখারা, পরিমাপন, ওজন বা পরিমাপন যন্ত্রের রপ্তানিকারক বা আমদানিকারকগণের নিবন্ধন;

(চ) এই অধ্যাদেশের অধীনে যে কোনো আপীল দায়ের;

(ছ) যে কোন বাটখারা পরিমাপন, ওজন বা পরিমাপন যন্ত্র সংশ্লিষ্ট উৎপাদনকারী, মেরামতকারী বা ডিলারগণকে নমুনা অনুমোদনের সার্টিফিকেট প্রদান।

(২) উপ-ধারা (১) এর অধীনে নির্ধারিত ফিস পরিশোধ করা না হইলে অনুমোদন, সত্যতা প্রতিপাদন বা সীলমোহর প্রদান, অনুলিপি অনুমোদন, নিবন্ধন করা হইবে না বা আপীল গৃহীত হইবে না।

৬৪। **বিধিমালা প্রণয়নের ক্ষমতা।**—(১) সরকার, এই অধ্যাদেশের উদ্দেশ্য পূরণকল্পে, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, বিধিমালা প্রণয়ন করিতে পারিবে।

(২) বিশেষতঃ এবং পূর্বোক্ত ক্ষমতার সামগ্রিকতা ক্ষুণ্ন না করিয়া, নিম্নবর্ণিত সকল বা যে কোনো বিষয়ে বিধি প্রণয়ন করা যাইবে, যথা ঃ—

(ক) ওজন এবং পরিমাপন বিষয়ক সাধারণ সম্মেলন বা আইনসম্মত পরিমাপন সংক্রান্ত আন্তর্জাতিক সংস্থার সুপারিশ অনুসারে বাটখারা বা পরিমাপনের সম্পূরক একক, লব্ধ একক, বিশেষ বা অন্যান্য একক, আদর্শ প্রতীক বা আদর্শ সংজ্ঞা;

(খ) ওজন এবং পরিমাপন বিষয়ক সাধারণ সম্মেলন বা আইনসম্মত পরিমাপন সংক্রান্ত আন্তর্জাতিক সংস্থার সুপারিশ অনুসারে বাটখারা বা পরিমাপনের এককসমূহের গুণিতক এবং উপ-গুণিতক, বাটখারা বা পরিমাপনের এককসমূহের বিষয়ে ভৌত ধ্রুব সংখ্যাগুলির অনুপাত বা সংখ্যার আদর্শ সংজ্ঞা বা প্রতীক;

(গ) সংখ্যার গুণিতক এবং উপ-গুণিতকের সংখ্যামান এবং উহা লিখনের পদ্ধতি;

(ঘ) ধারা ৭ ও ৮ এর উল্লিখিত সময়ান্তরিক বিরতি যে সময়ের মধ্যে বস্তু বা সরঞ্জামের সঠিকতা প্রত্যায়ন করা হইবে;

(ঙ) বাটখারা বা পরিমাপন সংক্রান্ত ভৌত ধর্ম, বাহ্যিক গঠন, গঠন সংক্রান্ত পুঙ্খানুপুঙ্খ বর্ণনা, উপাদান, সরঞ্জাম, সম্পাদন, সহনীয় ক্ষমতা, পরীক্ষা পদ্ধতি বা পরীক্ষার কার্য বিবরণী;

(চ) যে শর্তাবলী, নিয়ন্ত্রণ ও সীমাবদ্ধতার অধীনে মানদণ্ডবিহীন বাটখারা বা পরিমাপন রপ্তানির উদ্দেশ্যে উৎপাদন বা রপ্তানি করা যাইতে পারে;

(ছ) পণ্য অথবা উদ্যোগ সম্বন্ধে, অথবা ভোক্তা শ্রেণী যাহাদের সম্বন্ধে কোনো লেনদেন, ক্রয়-বিক্রয় বা চুক্তি সম্পাদিত হইবে বা নির্দিষ্ট বাটখারা বা পরিমাপন বা সংখ্যার সাহায্য ব্যতীত লেন-দেন, ক্রয়-বিক্রয় বা চুক্তি ছিল;

(জ) মোড়কের অভ্যন্তরস্থ বস্তুর ঘোষণা প্রণালী এবং বাটখারা বা পরিমাপন বা সংখ্যা এককের উল্লিখিত বিষয় যাহা অনুসরণ করিয়া মোড়কের উপরে খুচরা বিক্রয় মূল্য ঘোষিত হইবে;

(ঝ) আদর্শ পরিমাণ বা সংখ্যামান যাহাতে পণ্য মোড়কজাত করা হয়;

(ঞ) মোড়কজাত পণ্যদ্রব্যের অভ্যন্তরস্থ নীট বস্তুর যুক্তিসঙ্গত পরিবর্তনশীল যাহা প্যাকিং পদ্ধতি বা সাধারণ প্রদর্শন অবস্থার দ্বারা সংঘটিত হইবে;

(ট) বাটখারা বা পরিমাপনের শ্রেণী যাহা প্রথম ক্যাটাগরী বা দ্বিতীয় ক্যাটাগরীতে পড়ে;

(ঠ) বিশেষ সীলমোহর যাহার দ্বারা প্রথম ক্যাটাগরীর বাটখারা বা পরিমাপনের সীলের চাপ দেওয়া হইবে;

(ড) যে ফর্ম ও পদ্ধতি অনুসরণে এবং যেই সময়ের মধ্যে বাটখারা বা পরিমাপন আমদানিকারক ও রপ্তানিকারকের নিবন্ধন বহিতে নাম অন্তর্ভুক্তির জন্য আবেদনপত্র দাখিল করিতে হইবে;

(ঢ) যে সময়ের মধ্যে বাটখারা বা পরিমাপন রপ্তানিকারক ও আমদানিকারক নিবন্ধন সার্টিফিকেট নবায়ন হইতে পারে;

(ণ) ধারা ৬৩ এর অধীনে যে মাপদণ্ড *(scale)* অনুসরণে ফিস সংগৃহীত হইতে পারে;

(ত) নির্ধারিত বা নির্ধারিতব্য যে কোনো বিষয়।

৬৫। **রহিতকরণ ও হেফাজত।**—(১) এই অধ্যাদেশ বলবৎ হইবার পর, যে কোনো শ্রেণীর পণ্য বা শিল্প উদ্যোগ বা বাটখারা বা পরিমাপন অথবা বাটখারা বা পরিমাপন ব্যবহারকারী সম্পর্কিত বলবৎ আইনসমূহ রহিত হইবে —

(ক) ওজন ও পরিমাপন আইন, ১৮৭১ (১৮৭১ সনের ৩১ নং আইন);

(খ) দৈর্ঘ্য পরিমাপন আইন, ১৮৮৯ (১৮৮৯ সনের ১১ নং আইন);

(গ) আদর্শ ওজন আইন, ১৯৩৯ (১৯৩৯ সনের ৯ নং আইন); এবং

(ঘ) ওজন ও পরিমাপন (মেট্রিক পদ্ধতি) আইন, ১৯৬৭ (১৯৬৭ সনের ৫ নং আইন);

২। যদি, এই অধ্যাদেশ প্রবর্তনের অব্যবহিত পূর্বে, পণ্যের যে কোনো শ্রেণী বা উদ্যোগ সংক্রান্ত এই অধ্যাদেশের কোনো বিধান কোনো এলাকায় বা পণ্যের যে কোন শ্রেণী বা উদ্যোগ সংক্রান্ত অন্য যে কোনো আইন বা উক্ত আইনের কোনো বিধান কার্যকর থাকে যাহা এই অধ্যাদেশের মানানসই হয়, তাহা হইলে উহা উপ-ধারা (১) দ্বারা রহিত না হইলে, উহা তাৎক্ষণিক রহিত হইবে।

## তফসিল

### অনুচ্ছেদ-৯

(১) ভর *(mass)* ঃ

| | | | |
|---|---|---|---|
| ১ গ্রেইন | = | ০.০০০ ০৬৪ ৭৯৮ ৯১ | কিলোগ্রাম |
| ১ তোলা | = | ০.০১১ ৬৬৩ ৮০৩ ৮ | কিলোগ্রাম |
| ১ সের | = | ০.৯৩৩ ১০৪ ৩০৪ | কিলোগ্রাম |
| ১ মণ | = | ৩৭.৩২৪ ১৭২ ১৬ | কিলোগ্রাম |
| ১ আউন্স | = | ০.০৩১ ১০৩ ৪৭৬ ৮ | কিলোগ্রাম |
| ১ পাউন্ড | = | ০.৪৫৩ ৫৯২ ৩৭ | কিলোগ্রাম |
| ১০০ ওজন (ইউ কে) | = | ৫০.৮০২ ৩৪৫ ৪৪ | কিলোগ্রাম |
| ১০০ ওজন (ইউ এস এ) | = | ৪৫.৩৫৯ ২৩৭ | কিলোগ্রাম |
| ১ টন (ইউ কে) | = | ১০১৬.০৪৬ ৯০৮ ৮ | কিলোগ্রাম |
| ১ টন (ইউ এস এ) | = | ৯০৭ ১৮৪ ৭৪ | কিলোগ্রাম |

**(২) দৈর্ঘ্য *(length)* ঃ**

| | | | |
|---|---|---|---|
| ১ ইঞ্চি | = | ০.০২৫ ৪ | মিটার |
| ১ ফুট | = | ০.৩০৪ ৮ | মিটার |
| ১ গজ | = | ০.৯১৪ ৪ | মিটার |
| ১ মাইল | = | ১৬০৯.৩৪৪ | মিটার |
| ১ নটিক্যাল মাইল (ইউ কে) | = | ১৮৫৩.১৮ | মিটার |
| ১ আন্তর্জাতিক নটিক্যাল মাইল (ইউ কে) | = | ১৮৫২ | মিটার |
| ১ ফুট | = | ০.৩০৪ ৭৯৯ | মিটার |

কেবল বাংলাদেশে জরিপের জন্য

**(৩) ক্ষেত্রফল *(area)* ঃ**

| | | | |
|---|---|---|---|
| ১ বর্গ ইঞ্চি | = | ০.০০০ ৬৪৫ ১৬ | বর্গ মিটার |
| ১ বর্গ ফুট | = | ০.০৯২ ৯০৩ ০৪ | বর্গ মিটার |
| ১ বর্গ গজ | = | ০.৮৩৬ ১২৭ ৫৬ | বর্গ মিটার |
| ১ বর্গ মাইল | = | ২৫৮৯ ৯৮৮.১১০ ৩৩৬ | বর্গ মিটার |

কেবল বাংলাদেশে জরিপের জন্য

| | | | |
|---|---|---|---|
| ১ বর্গ ফুট | = | ০.০৯২ ৯০৩ | বর্গ মিটার |
| ১ একর | = | ৪০৪৬.৮৫৬১ | বর্গ মিটার |
| | | ০.৪০৪ ৬৮৫৬১ | হেক্টর |

**(৪) আয়তন *(volume)* ঃ**

| | | | |
|---|---|---|---|
| ১ ঘন ইঞ্চি | = | ০.০০০ ০১৬ ৩৮৭ ০৬৪ | ঘন মিটার |
| ১ ঘন ফুট | = | ০.০২৮ ৩১৬ ৮৪৬ ৫৯২ | ঘন মিটার |
| ১ ঘন গজ | = | ০.৭৬৪ ৫৫৪ ৮৫৭ ৯৮৪ | ঘন মিটার |
| ১ গ্যালন (ইউ. কে.) | = | ০.০০৪ ৫৪৬ ০৮৭ | ঘন মিটার |
| | = | ৪.৫৪৬ ০৮৭ | লিটার |
| ১ গ্যালন (ইউ. এস. এ.) | = | ০.০০৩ ৭৮৫ ৪১১ ৭৮৪ | ঘন মিটার |
| | = | ৩.৭৮৫ ৪১১ ৭৮৪ | লিটার |
| ১ বাসেল (ইউ. এস. এ.) (২১৫০.৪২ ঘন ইঞ্চি) | = | ০.০৩৫ ২৩৯ ০৭০ ১৭ | ঘন মিটার |
| ১ ব্যারেল (পেট্রোলিয়ামের জন্য) | = | ০.১৫৮ ৯৮৭ ২৯৪ ৯২৮ | ঘন মিটার |
| ১ একর-ফুট | = | ১২৩৩.৪৮২ | ঘন মিটার |

(৫) তাপমাত্রা *(tempreture)* ঃ

| | | | |
|---|---|---|---|
| ১ ডিগ্রি ফারেনহাইট | = | ৯/৫ টি-৪৫৯.৬৭ ক্যালভিন (k) | |
| ১ ডিগ্রি সেলসিয়াস | = | টি-২৭৩.১৫ ক্যালভিন (k) | |
| ১ ডিগ্রি কেলভিন | = | ০+২৭৩.১৫ ডিগ্রী সেলসিয়াস ($^{O}$C) | |
| | = | ৫/৯ (টি+৪৫৯.৬৭) ডিগ্রি ফারেনহাইট ($^{O}$F)<br>যেক্ষেত্রে টি=কেলভিন তাপমাত্রা, $^{\circ}$=সেলসিয়াস তাপমাত্রা, টি=ফারেনহাইট তাপমাত্রা | |

(৬) বল *(force)* ঃ

| | | | |
|---|---|---|---|
| ১ পাউন্ড-বল | = | ৪.৪৪৮ ২২১ ৬১৫ ২৬০ ৫ | নিউটন |
| ১ পাউন্ডেল | = | ০.১৩৮ ২৫৪ ৯৫৪ ৩৭৬ | নিউটন |

(৭) চাপ *(pressure)* ঃ

| | | | |
|---|---|---|---|
| ১ ব্যারোমেট্রিক ইঞ্চ অব্ মারকারি | = | ৩ ৩৮৬.৩৮৮ ৬৪০ ৩৪১ | পেসকেল |
| ১ ইঞ্চি পানি | = | ২৪৯.০৮৮ ৯১ | পেসকেল |

(৮) শক্তি *(energy)* ঃ

| | | | |
|---|---|---|---|
| ১ ব্রিটিশ থার্মাল ইউনিট | = | ১০৫৫.০৫৫ ৮৫২৬২ | জুল |
| ১ ফুট-পাউন্ড-ফোর্স | = | ১.৩৫৫ ৮১৭ ৯৪৮ ৩৩১ ৪০৪ | জুল |

(৯) ক্ষমতা *(power)* ঃ

| | | | |
|---|---|---|---|
| ১ অশ্ব ক্ষমতা (ইউ.কে.) | = | ৭৪৫.৬৯৯ ৮৭১ ৫৮২ ২৭০ ২২ | ওয়াট |
| ১ অশ্ব ক্ষমতা (ইউরোপিয়ান) | = | ৭৩৫.৪৯৮ ৭৫ | ওয়াট |
| ১ টন রেফ্রিজারেশন | = | ৩৫১৬.৮৫২ ৮৪২ ৬৭ | ওয়াট |

মোঃ আবু ইউসুফ (যুগ্ম-সচিব), উপ-পরিচালক, অতিরিক্ত দায়িত্ব, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপ-সচিব), উপ-পরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd